As we celebrate the achievements of the 20 years' of work of BEN, it is also necessary to pay necessary attention to the challenges that we face going forward.

সুন্দর বাংলাদেশের লক্ষ্যে
বাংলাদেশ পরিবেশ নেটওয়ার্ক (বেন)-এর
২০ বছর (১৯৯৮-২০১৮)

১। আবহমান বাঙলা

"সুজলা, সুফলা, শস্য-শ্যামলা" - আবহমান বাংলার এই ছিল মূল পরিচয়। দ্বিজেন্দ্রলাল রায় গেয়েছেন, "এমন ধানের ক্ষেতে ঢেউ খেলে যায় বাতাস কাহার দেশে!"
কবিগুরু রবীন্দ্রনাথ লিখেছেন, "ফাগুনে তোর আমের বনে ঘ্রানে পাগল করে; ও মা অঘ্রাণে তোর ভরা ক্ষেতে আমি কী দেখেছি মধুর হাসি।" প্রমত্ত পদ্মার বুকে লঞ্চে বসে কবি নজরুল গেয়েছেন, "পদ্মার ঢেউ-রে, মোর শূণ্য হৃদয় পদ্ম নিয়ে যা-রে"। আর জীবনানন্দ আবহমান বাংলার রূপে এতই বিমোহিত ছিলেন যে, তিনি লিখেছেন, "বাংলার মুখ আমি দেখিয়াছি; তাই আমি পৃথিবীর রূপ খুঁজিতে যাই না আর।"

২। দূষিত বাংলাদেশ

কিন্তু দুঃখের বিষয় যে, গত কয়েক দশকে বাংলার সেই সৌন্দর্য, প্রাকৃতিক সেই সুষমা ক্রমাগতভাবে হারিয়ে যাচ্ছে। বাংলাদেশের নদ-নদী আজ বিপর্যস্ত। বাংলাদেশের বাতাস আজ দূষিত। বাংলাদেশের ভূগর্ভস্থ পানিতে আজ আর্সেনিক দূষণ। বাংলাদেশের বন আজ উজাড়। বাংলাদেশের জীব-বৈচিত্র আজ বিলীন হওয়ার পথে। প্লাস্টিক বর্জ্যে বাংলাদেশের স্থলভূমি ও জলভূমি আজ বিষাক্ত। বাংলাদেশ আজ জলাবদ্ধতায় আক্রান্ত। বাংলাদেশের পরিবেশ আজ ভারাক্রান্ত।

৩। পরিবেশ রক্ষায় নাগরিকদের করণীয়

পরিবেশ রক্ষার মূল দায়িত্ব অবশ্যই দেশের সরকারের। কিন্তু নাগরিক হিসেবে কী আমাদের কোনো করণীয় নেই? সরকারের তো নাগরিকদের ইচ্ছা ও দাবীই পূরণ করার কথা! আমাদের কী অন্ততপক্ষে সরকারের প্রতি পরিবেশ রক্ষার দাবী জানানো প্রয়োজন নেই? পরিবেশ রক্ষায় ব্যক্তি, পরিবার, গ্রাম, পাড়া-মহল্লা, স্থানীয়, এবং জাতীয় পর্যায়ে আরও যে বহুকিছু নাগরিক হিসেবে আমাদের করণীয় আছে, তা সমাধায় কী আমাদের এগিয়ে আসা প্রয়োজন নয়?

৪। পরিবেশ রক্ষায় প্রবাসীদের করণীয়

নাগরিক হিসেবে বাংলাদেশের পরিবেশ রক্ষার মূল দায়িত্ব অবশ্যই দেশে বসবাসকারী

তথা স্ববাসী বাংলাদেশীদের। কিন্তু প্রবাসী বাংলাদেশীদের কী কিছু করণীয় নেই? বিভিন্ন কারণে প্রবাসে থাকলেও বাংলাদেশের সাথে প্রবাসীদের প্রাণের সম্পর্ক। প্রবাসীরা বাংলাদেশের উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। বাংলাদেশের প্রতি প্রবাসীদের রয়েছে গভীর মমতা ও ভালবাসা ও কর্তব্যবোধ। বাংলাদেশের পরিবেশ যখন বিপর্যয়ের সম্মুখীন, তখন প্রবাসীরা কী নিশ্চুপ হয়ে বসে থাকতে পারে? না তাঁরা পারে না।

৫। বেন সূচনার পটভূমি

সে কারণেই সূচিত হয় "বাংলাদেশ এনভায়রনমেন্ট নেটওয়ার্ক (বেন)"। বেন প্রতিষ্ঠার উদ্যোগ নেন ডঃ নজরুল ইসলাম, যিনি যুক্তরাষ্ট্রে আসার আগে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগে দীর্ঘকাল শিক্ষকতা করেছেন এবং বাংলাদেশের বিভিন্ন সমাজ কল্যাণমূলক কর্মকান্ডে জড়িত ছিলেন। ১৯৮৮ সনে তিনি পি-এইচ-ডি করার জন্য হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগে যোগ দেন। পি-এইচ-ডি ডিগ্রী লাভ করার পর ১৯৯৫ সনে তিনি দেশে যান। মাত্র কয়েক বছরে সংঘটিত বাংলাদেশের পরিবেশের অবক্ষয় দেখে তিনি মর্মাহত হন। বিভিন্ন উচ্চপদে অধিষ্ঠিত তাঁর বন্ধুবান্ধবদের তিনি দেশের পরিবেশ রক্ষার বিষয়ে সচেষ্ট হওয়ার অনুরোধ জানান। পরিবেশ রক্ষার প্রতি বংলাদেশের নীতি-নির্ধারকদের অবহেলা তাঁকে পীড়িত করে। গভীর দুশ্চিন্তা সহকারে তিনি ফিরে আসেন।

১৯৯৭ সালে ডঃ নজরুল আবার বাংলাদেশে যান। এবার তিনি দেশের পরিবেশ রক্ষায় যাঁরা কাজ করছেন, তাঁদের সাথে যোগাযোগ স্থাপন করেন। এক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন জনাব আবু নাসের খান। তিনি ডঃ নজরুলের পূর্ব-পরিচিত ও বন্ধু। সোভিয়েত ইউনিয়নের দানিয়েৎস্ক শহর থেকে তিনি মাস্টার্স ডিগ্রী লাভ করে বাংলাদেশ সরকারের বৈদেশিক অর্থনৈতিক সহায়তা বিভাগে কাজ করছিলেন। পাশাপাশি তিনি পরিবেশ রক্ষার কাজের সাথে সংশিণ্টষ্ট ছিলেন। এসময় পরিবেশ রক্ষার প্রয়োজনীয়তা সম্পর্কে সচেতন কিছু বিশিষ্ট নাগরিক "পরিবেশ রক্ষা শপথ (পরশ)" নামে একটি সংগঠন গড়ে তুলেছিলেন। তাঁদের মধ্যে ছিলেন আবুল মাল আবদুল মুহিথ, অধ্যাপক জামিলুর রেজা চৌধুরী, এ-এস-এম শাহজাহান, প্রমুখ। নাসের খান পরশের সাথে সংশ্লিষ্ট ছিলেন। নাসের খানের মাধ্যমে বাংলাদেশের পরিবেশ নিয়ে গবেষণা ও এডভোকেসীর সঙ্গে জড়িত অন্যান্য সংগঠন এবং ব্যক্তিত্বের সাথে ডঃ নজরুলের পরিচয় হয়। ডঃ নজরুল বুঝতে পারেন, বাংলাদেশের পরিবেশ রক্ষায় নগরিকদের প্রচেষ্টা আরও জোরদার হতে হবে এবং এক্ষেত্রে প্রবাসীদেরও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হবে। তিনি আরও উপলব্ধি করেন যে, একক প্রচেষ্টায় প্রবাসীদের পক্ষে এটা করা সম্ভব হবে না। তাদেরকে সংঘবদ্ধ হতে হবে।

৬। বেনের সূচনা

ইতিমধ্যে ডঃ নজরুল যুক্তরাষ্ট্রের আটলান্টা শহরে অবস্থিত এমোরী বিশ্ববিদ্যালয়ে অর্থনীতির শিক্ষক হিসেবে যোগ দিয়েছেন। ততোদিনে আন্তর্জালের (ইন্টারনেটের) আবির্ভাব এবং বিস্তার ঘটেছে, এবং এর মাধ্যমে দূর-দূরান্তের সকলের সাথে যোগাযোগ করা সহজ হয়েছে। ডঃ নজরুল এই প্রযুক্তিগত অগ্রগতির সদ্ব্যাবহার করেন। তিনি প্রথমেই তাঁর নিকট বন্ধুদের সাথে যোগাযোগ স্থাপন করেন। ১৯৯৮ সনের ১০ই জুলাই তিনি তাঁদের কাছে একটি ই-মেইল পাঠান। এই ই-মেইলে তিনি বাংলাদেশের পরিবেশের অবক্ষয়ের প্রতিকারের লক্ষ্যে সংঘবদ্ধভাবে কিছু করার লক্ষে আগ্রহী সকলকে নিয়ে একটি নেটওয়ার্ক গঠনের প্রস্তাব করেন। এরূপ নেটওয়ার্কের মাধ্যমে কী কী করা যেতে পারে তাঁর একটি তালিকাও তিনি তুলে ধরেন। যাঁদের কাছে ডঃ নজরুল তাঁর এই ই-মেইল পাঠান, তাঁরা হলেন

- ডঃ সালেহ তানভীর, অধ্যাপক, গণিত বিভাগ, ওহাইও রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয়
- তওফিক চৌধুরী, আইনজীবি, নিউ ইয়র্ক
- নুরুল কবির, কম্পিউটার বিশেষজ্ঞ, বস্টন
- ডঃ দীপেন ভট্টাচার্য, ক্যালিফোর্নিয়া বিশ্ববিদ্যালয়, রিভারসাইড
- শোয়েব আলী শিকদার, হিসাব রক্ষক, কেনটাকী,
- সৈয়দ আবু হাসনাথ, বস্টন বিশ্ববিদ্যালয়, বস্টন
- শেখ মিজানুর রহমান, জর্জিয়া বিশ্ববিদ্যালয়, এথেন্স, জর্জিয়া
- ডঃ সৈয়দ আখতার মাহমুদ, বিশ্বব্যাংক, ওয়াশিংটন, ডিসি
- আবু নাসের খান, আই-ই-ডি, ঈস্ট-ওয়েস্ট বিশ্ববিদ্যালয়, ঢাকা
- মোজাফফর চৌধুরী, স্থপতি, অস্ট্রেলিয়া

ডঃ নজরুলের এই আহ্বানকে সকলেই স্বাগত জানান। ইন্টারনেটের মাধ্যমে শুরু হয় আলোচনা- কীভাবে প্রস্তাবিত চিন্তাগুলোকে বাস্তবায়িত করা যেতে পারে। তাঁদেরকে বহু প্রশ্নের মোকাবেলা করতে হয়। এই নেটওয়াক্রের নাম কী হবে? কারা এই নেটওয়ার্কের সদস্য হবে? এই নেটওয়াক্রের অর্থসংস্থান কীভাবে হবে? এই নেটওয়াক্রের জন্য প্রস্তাবিত বিভিন্ন কাজের মধ্যে ক্রমাধিকার কী হবে? আলোচনার মধ্য দিয়ে ঠিক হয়, এই নেটওয়ার্কের নাম হবে, "বাংলাদেশ এনভায়রনমেন্ট নেটওয়ার্ক, সংক্ষেপে "বেন"। শুরু হয় বেনের অভিযাত্রা। এমোরি বিশ্ববিদ্যালয়ের লিস্টসার্ভ ব্যবহার করে বেনের সূচনাকারীদের নিয়ে প্রথম ইমেইল নেটওয়ার্ক গঠিত হয়।

৭। বাংলাদেশের পরিবেশ বিষয়ক প্রথম আন্তর্জাতিক সম্মেলন (২০০০)

প্রথম থেকেই বেন সচেতন ছিল যে, বাংলাদেশের পরিবেশ রক্ষায় কার্যকর ভূমিকা রাখতে হলে দেশের অভ্যন্তরের তথা স্ববাসী পরিবেশ-দরদীদের সাথে একসঙ্গে কাজ করতে হবে। সে কারণে বেন দেশের পরিবেশ-সপক্ষ শক্তিকে একত্র করার উদ্যোগ গ্রহণ করে। এই লক্ষ্যে বেন দেশের সকল পরিবেশ-দরদীদের অংশগ্রহণ সম্বলিত একটি ব্যাপক সম্মেলন অনুষ্ঠানের প্রস্তাব করে। এই প্রস্তাব নিয়ে ১৯৯৮ সনের ডিসেম্বরে ডঃ নজরুল ঢাকায় যান এবং দেশের পরিবেশ-সপক্ষ ব্যক্তি ও প্রতিষ্ঠানসমূহের সাথে যোগাযোগ স্থাপন করেন। সকলেই বেনের এই প্রস্তাবের প্রতি উৎসাহব্যঞ্জক সাড়া দেন।

৮। বেনের প্রথম সভা

ইন্টারনেট ভিত্তিক আলোচনা সত্ত্বেও বেন প্রক্রিয়ায় অংশগ্রহণকারীরা একটি সভার প্রয়োজনীয়তা অনুভব করেন। বিশেষত সম্মেলন সংক্রান্ত বেনের প্রস্তাব গৃহীত হওয়ার পর এই প্রয়োজনীয়তা আরও বৃদ্দি পায়। তারই আলোকে ডঃ নজরুল এমোরী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বেনের প্রথম সভার আয়োজন করেন। বেনের যাঁরা এই সভায় যোগ দেন, তাঁদের মধ্যে ছিলেনঃ ডঃ সালেহ তানভীর; হাসান তওফিক চৌধুরী; ডঃ খালেকুজ্জামান; শোয়েব আলী শিকদার; ডঃ আহমদ আহসান; ডঃ সৈয়দ আখতার মাহমুদ; ডঃ দীপেন ভট্টাচার্য; ডঃ হুমায়ুন কবির; মাহবুবুল ইসলাম; ডঃ জাফর উলণ্ঢাহ; ডঃ মাহমুদ ফারুক; ডঃ শেখ মিজানুর রহমান; ডঃ মাহবুবুল ইসলাম; লীলা রশীদ; ডঃ মাহবুবুল মোকাদ্দেম আকাশ। বেনের প্রতিষ্ঠাতা- সদস্যরা ছাড়াও এই সভায় এমোরী বিশ্ববিদ্যালয়ের ডীন, অর্থনীতি বিভাগের চেয়ারম্যান ও বেশ কয়েকজন শিক্ষক যোগ দেন।

সম্মেলনের প্রস্তুতি ছাড়াও অন্যান্য বহু বিষয়ে এই সভায় আলোচনা অনুষ্ঠিত হয়। তার মধ্যে একটি ছিল বেনের অর্থসংস্থানের বিষয়। সভায় এ নিয়ে প্রাণবন্ত আলোচনা অনুষ্ঠিত হয়, এবং সিদ্ধান্ত গৃহীত হয় যে, বেন শুধুমাত্র সদস্য ও সমর্থকদের অনুদানের ভিত্তিতে পরিচালিত হবে; কোনো বহিস্থ দাতা সংস্থার অথের্র উপর নির্ভর করবে না। বেনের এই সিদ্ধান্ত অত্যন্ত দূরদৃষ্টিসম্পন্ন বলে প্রমাণিত হয়। অর্থনৈতিক আত্মনির্ভরতা বেন-কে একটি স্বাধীন, স্বনির্ভর সংগঠন হিসেবে গড়ে উঠতে এবং বজায় থাকতে সহায়তা করে। আনন্দের বিষয় যে, অর্থনৈতিক আত্মনিভ্রতা সংক্রান্ত বেনের এই নীতি পরবর্তীতে বাংলাদেশ পরিবেশ আন্দোলনের মূল ধারাও গ্রহণ করে। বেনের প্রথম সভার আলোচনার ভিত্তিতে বেনের যেসব মূল সাংগঠনিক নীতিমালা গৃহীত হয়, তা হলোঃ

(ক) পরিবেশ রক্ষায় বিশেষজ্ঞ এবং আন্দোলন-কর্মীদের সহযোগিতার উপর গুরুত্ব আরোপ;
(খ) পরিবেশ রক্ষায় স্ববাসী-প্রবাসী সহযোগিতার উপর নির্ভর করা;

(গ) অর্থনৈতিক আত্মনির্ভরতা;
(ঘ) সাংগঠনিক আমলাতান্ত্রিকতা পরিহার;
(ঙ) দলীয় রাজনীতি থেকে দূরে থাকা; এবং
(চ) সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহণ।

বেনের পরবর্তীকালের অভিজ্ঞতা এসব সাংগঠনিক নীতির সঠিকতা প্রমাণ করেছে। বিগত বিশ বছর ধরে বেন তার লক্ষ্যে অবিচল থাকতে পেরেছে; কোনোরকম দলাদলির সম্মুখীন হয়নি; কোন ধরণের আর্থিক দুর্নাম দ্বারা আক্রান্ত হয় নি।

৯। বাংলাদেশের পরিবেশ বিষয়ক প্রথম আন্তর্জাতিক সম্মেলন

সম্মেলন সংক্রান্ত উপযুক্ত প্রস্তাবের ধারাবাহিকতাতেই ২০০০ সনের জানুয়ারিতে সমবেত প্রচেষ্টায় রাজধানী ঢাকায় বাংলাদেশের পরিবেশ বিষয়ক প্রথম আন্তর্জাতিক সম্মেলন অনুষ্ঠিত হয়। পরশ, বেন, বাংলাদেশ প্রকৌশল এবং প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (বুয়েট), এবং পরিবেশ বিষয়ক বেসরকারি সংস্থাসমূহের কোয়ালিশন (সেন) এই সম্মেলনের মূল সংগঠক হিসেবে কাজ করে। এছাড়া বাংলাদেশের পঞ্চাশেরও বেশী সংখ্যক পরিবেশ দরদী সংগঠন ও প্রতিষ্ঠান এই সম্মেলনের সংগঠক, অথবা সহযোগী সংগঠক হিসেবে ভূমিকা পালন করে। দেশী-বিদেশী বিপুল সংখ্যক বিশেষজ্ঞ এবং কর্মীদের অংশগ্রহণ সম্বলিত এই সম্মেলন আশাতীত সাফল্য লাভ করে। সম্মেলনের আলোচনার ভিত্তিতে উপনীত সুপারিশমালা সংকলিত করে "বাংলাদেশের পরিবেশ বিষয়ক ঢাকা ঘোষণা" গৃহীত হয়। এই ঘোষণা বাংলাদেশের জন্য এবং বাংলাদেশের পরিবেশ কর্মীদের জন্য একটি ব্যাপক কর্মসূচি উপস্থাপিত করে।

১০। বাংলাদেশ পরিবেশ আন্দোলন (বাপা)-র প্রতিষ্ঠা

"ঢাকা ঘোষণা"য় প্রস্তাবিত একটি অন্যতম করণীয় ছিল বাংলাদেশের পরিবেশ-সপক্ষ সকল শক্তিসমূহকে ঐক্যবদ্ধকারী একটি সংগঠন গড়ে তোলা। তারই ধারাবাহিকতায় ২০০০ সনের জুলাই মাসে বাংলাদেশের পরিবেশ-সপক্ষ শক্তিসমূহের ঐক্যবদ্ধ মঞ্চ হিসেবে "বাংলাদেশ পরিবেশ আন্দোলন (বাপা)" গঠিত হয়। ডঃ নজরুল বাপা-র "লক্ষ্য, করণীয়, ও সাংগঠনিক রূপরেখা" ও বাপা-র "গঠনতন্ত্রে"র খসড়া প্রণয়ন করেন। "বাপা" নামটিও তিনি প্রস্তাব করেন। আবুল মাল আবদুল মুহিথকে সভাপতি এবং আবু নাসের খানকে সাধারণ সম্পাদক করে বাপার প্রথম কমিটি গঠিত হয়। ডঃ নজরুল বাপার অন্যতম সহ-সভাপতি নির্বাচিত হন। ডঃ সালেহ তানভীর, ডঃ খালেকুজ্জামানসহ বেনের আরও কয়েকজন বাপার কার্যনির্বাহী ও জাতীয় কমিটির সদস্য নির্বাচিত হন।

তারপর থেকে বাপা এবং বেন যূথবদ্ধভাবে পরিবেশ রক্ষায় কাজ করে যাচ্ছে। পরিবেশ বিষয়ক পারদর্শীতা দিয়ে সহায়তা করার পাশাপাশি বেন নিয়মিতভাবে বাপাকে আর্থিক সহযোগিতা প্রদান করে আসছে। বাপা ও বেনের সহযোগিতা বাংলাদেশের সমস্যা সমাধান প্রচেষ্টায় স্ববাসী-প্রবাসী সহযোগিতার একটি সফল মডেল হিসেবে কাজ করছে।

৯। বাপা-বেন যৌথ আন্দোলনের সাফল্য

বাপা, বেন, ও দেশের অন্যান্য পরিবেশ-সপক্ষ শক্তির যৌথ প্রচেষ্টার ফলে বেশ কিছু সাফল্য অর্জিত হয়েছে। তারমধ্যে রয়েছে যেমন

- বায়ু দূষণকারী দুই-স্ট্রোক বিশিষ্ট যানসমূহের অপসারণ;
- শীসা মুক্ত গ্যাসোলিনের প্রচলন;
- পলিথিন ব্যাগ ব্যবহারের উপর নিষেধাজ্ঞার পুনর্বহাল;
- ফসলী জমি বিনষ্ট করে ফুলবাড়িতে উন্মুক্ত কয়লা খনি প্রতিষ্ঠার পরিকল্পনা প্রতিহত করা;
- জলাশয় রক্ষা আইন প্রণয়ন;
- পরিবেশ সপক্ষ নির্মাণ বিধিমালা প্রণয়ন;
- নদী বিষয়ক "টাস্ক ফোর্স" এবং কমিশন গঠন;
- নদনদীর সীমানা চিহ্নিতকরণের উদ্যোগ গ্রহণ;
- পরিবেশ আদালত গঠন এবং তাতে ভুক্তভোগীদের মামলা দায়েরের সুযোগ প্রদান, ইত্যাদি।

এসব সাফল্য প্রমাণ করে না যে, বাংলাদেশের পরিবেশের সামগ্রীক অবক্ষয় প্রতিরোধ করা সম্ভব হয়েছে। পরিবেশের বিভিন্ন দিকের অবক্ষয়ের ধারা এখনও অব্যাহত আছে। তবে উপর্যুক্ত সাফল্য দেখায় যে, আন্দোলনের মাধ্যমে পরিবেশ রক্ষায় অগ্রগতি অর্জন সম্ভব; এবং আন্দোলন আরও ব্যাপক ও তীব্র হলে এক্ষেত্রে আরও সাফল্য অর্জন করা যাবে।

১২। বাপা-বেন বার্ষিক সম্মেলন

বাপা এবং বেনের একটি অন্যতম সাফল্য হলো বাংলাদেশের পরিবেশের বিভিন্ন সমস্যাবলী সম্পর্কে তথ্য সংগ্রহ, বিশেণ্ঢষণ এবং তাঁর ভিত্তিতে সমাধানের সুপারিশ উপস্থাপন। সে লক্ষ্যে বাপা ও বেন প্রতি বছর বাংলাদেশের পরিবেশের কোনো একটি, একাধিক, কিংবা সকল গুরুত্বপূর্ণ সমস্যাবলী উপজীব্য করে সম্মেলনের আয়োজন করে আসছে। এসব সম্মেলনে পরিবেশ বিশেষজ্ঞগণ তাঁদের প্রবন্ধ পরিবেশ করছেন এবং পাশাপাশি পরিবেশ আন্দোলনের নেতা ও কর্মীরা তাঁদের অভিজ্ঞতা উপস্থাপন করছেন।

এ দু'য়ের সম্মিলন এবং তাঁর সাথে নীতি নির্ধারক ও সমাজের সর্বস্তরের জনগণের অংশগ্রহণের ফলে এসব সম্মেলন অনেক বেশী অর্থবহ হচ্ছে। এ যাবত অনুষ্ঠিত সম্মেলনের মধ্যে রয়েছে

- ২০০০: বাংলাদেশের পরিবেশ বিষয়ক প্রথম আন্তর্জাতিক সম্মেলন;
- ২০০১: সুন্দরবন বিষয়ক সম্মেলন;
- ২০০২: বাংলাদেশের পরিবেশ বিষয়ক দ্বিতীয় আন্তর্জাতিক সম্মেলন;
- ২০০৪: নদ-নদী বিষয়ে আঞ্চলিক সহযোগিতা সম্পর্কে আন্তর্জাতিক সম্মেলন;
- ২০০৬: জ্বালানী বিষয়ক জাতীয় সম্মেলন;
- ২০০৬: নদ-নদী বিষয়ক জাতীয় সম্মেলন;
- ২০০৭: আদিবাসী জনগোষ্ঠী ও বাংলাদেশের পরিবেশ বিষয়ক বিশেষ সম্মেলন;
- ২০০৯: জলবায়ু পরিবর্তন এবং বাংলাদেশের করণীয় বিষয়ক বিশেষ সম্মেলন;
- ২০১০: বাংলাদেশের পরিবেশ বিষয়ক তৃতীয় আন্তর্জাতিক সম্মেলন;
- ২০১১: যানজট, নগরায়ন, এবং বাংলাদেশের পরিবেশ বিষয়ক সম্মেলন;
- ২০১২: সিলেটের পরিবেশ ও আদিবাসী বিষয়ক বিশেষ সম্মেলন;
- ২০১৩: দক্ষিণ এশিয়ার পানি সম্পদ - সংঘাত থেকে সহযোগিতা বিষয়ক বিশেষ সম্মেলন;
- ২০১৪: পরিবেশ আন্দোলন ও সংগঠন বিষয়ক বিশেষ সম্মেলন;
- ২০১৫: পরিবেশ আইন ও নীতি বাস্তবায়ন বিষয়ক বিশেষ সম্মেলন;
- ২০১৬: বাংলাদেশের উপকূলীয় ও সামুদ্রিক পরিবেশ বিষয়ক বিশেষ সম্মেলন;
- ২০১৭: স্থায়ীত্বশীল উন্নয়ন ও বাংলাদেশ বিষয়ক বিশেষ সম্মেলন;
- ২০১৮: বাংলাদেশের বন্যা, জলাবদ্ধতা, ও ভূমিধ্বস বিষয়ক বিশেষ সম্মেলন।

বাপা ও বেন এসব সম্মেলনে পরিবেশিত প্রবন্ধাবলী ও উপস্থাপনা এবং তার উপর অনুষ্ঠিত আলোচনার ভিত্তিতে গৃহীত প্রস্তাব, ও সম্মেলনের অন্যান্য তথ্য অন্তর্ভুক্ত করে সম্মেলন গ্রন্থ প্রকাশ করেছে। এসব গ্রন্থ এখন বাংলাদেশের পরিবেশ বিষয়ক গবেষণা ও আলোচনার জন্য গুরুত্বপূর্ণ তথ্য-উৎস হিসেবে কাজ করছে।

১৩। প্রবাসে বেন-এর অন্যান্য কার্যক্রম

বাংলাদেশের অভ্যন্তরে বাপার সাথে যৌথভাবে পরিবেশ রক্ষার সংগ্রামে নিয়োজিত থাকার পাশাপাশি এবং সে সংগ্রাম যথাযথভাবে চালিয়ে যাওয়ার জন্য বেন অন্যান্য বিভিন্ন তৎপরতায় লিপ্ত থেকেছে। এর একটি ধারা হলো বেনের নিজস্ব সাংগঠনিক

কার্যক্রম। যুক্তরাষ্ট্রের বিভিন্ন শহরে এবং পৃথিবীর বিভিন্ন দেশে বিস্তৃত থাকায় বেনের সভা অনুষ্ঠান একটি চ্যালেঞ্জ। এতদসত্ত্বেও বেনের সদস্যদের আগ্রহের কারণে বিভিন্ন সময় বেনের সভা অনুষ্ঠিত হয়েছে। বেনের দ্বিতীয় সভা অনুষ্ঠিত হয় ২০০২ সনে নিউ ইয়র্কে, আইনজীবি হাসান তওফিক চৌধুরীর ব্যবস্থাপনায়। বেনের তৃতীয় সভা অনুষ্ঠিত হয় ২০০৪ সনে লক হ্যাভেন বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে, ড. খালেকুজ্জামানের আতিথেয়তায়।

২০০৬ সনে ড. নজরুল ইসলাম জাপান থেকে নিউ ইয়র্কে ফিরে আসার পর হাসান তওফিক চৌধুরীকে সমন্বয়কারী করে বেনের নিউ ইয়র্ক, নিউ জার্সী, এবং কানেক্টিকাট রাজ্যের জন্য শাখা গঠিত হয়। তারপর থেকে এই শাখার উদ্যোগে নিয়মিতভাবে নিউ ইয়র্কে বেন কর্তৃক বিভিন্ন কর্মসূচি গৃহীত হতে থাকে। প্রায়শ যুক্তরাষ্ট্রে অবস্থানকারী বাপার নেতৃবৃন্দ বেনের এসব কর্মসূচিতে অংশগ্রহণ করেছেন। এসবের মধ্য দিয়ে বাপা-বেনের ঘনিষ্টতা আরও বৃদ্ধি পেয়েছে।

প্রবাসে বেন বেশ কয়েকটি বিশ্বব্যাপী কর্মসূচি পালন করে। তারমধ্যে একটি ছিল ২০০৯ সনে কোপেনহেগেন সম্মেলনের প্রাক্কালে জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে বিশ্বব্যাপী বিক্ষোভ। এই কর্মসূচির অংশ হিসেবে নিউইয়র্কে জাতিসংঘের সদর দফতরের সাথে জমায়েত অনুষ্ঠিত হয় এবং জাতিসংঘের নিকট স্মারকলিপি প্রদান করা হয়। এরূপ আরেকটি কর্মসূচি ছিল ২০১২ সনে ভারতের আন্ত:নদী সংযোগ প্রকল্পের বিরুদ্ধে নিউ ইয়র্কে অবস্থিত জাতিসংঘের সদর দফতরের সামনে বিক্ষোভ প্রদর্শন। হাসান তওফিক চৌধুরী নিউ জিল্যান্ড চলে যাওয়ার পর সৈয়দ ফজলুর রহমান এই শাখার সমন্বয়কারীর ভূমিকা গ্রহণ করেন। সময়ে বেনের নিউ ইয়র্ক, নিউ জার্সী, এবং কানেক্টিকাট শাখার কর্ম তৎপরতা আরও বৃদ্ধি পেয়েছে।

বাংলাদেশের পরিবেশ রক্ষার সংগ্রামের পাশাপাশি বেন বিশ্ব পরিবেশ রক্ষার সংগ্রামেও সক্রিয় অংশগ্রহণ করছে। বিশেষত জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে বিশ্বব্যাপী আন্দোলনে বেন গুরুত্বপূর্ণ ভুমিকা রাখছে। ২০১৫ সনে নিউ ইয়র্কে এবং ২০১৭ সনে ওয়াশিংটনে অনুষ্ঠিত "জনগণের জলবায়ু পদযাত্রা"য় বেন সক্রিয় অংশগ্রহণ করেছে। বস্তুত যুক্তরাষ্ট্রের বাইরের কোনো দেশের ব্যানার নিয়ে এসব পদযাত্রায় কেবল বেন-ই অংশগ্রহণ করেছে।

১৪। বেনের বিভিন্ন শাখা

সময়ে যুক্তরাষ্ট্রের বিভিন্ন রাজ্যে এবং শহরে বেনের শাখা অথবা গ্রুপ গড়ে ওঠে। পৃথিবীর অন্যান্য দেশেও বেনের শাখা গঠিত হয়। তারমধ্যে অন্যতম হলো অস্ট্রেলিয়া, জাপান, এবং জার্মানী। কামরুল খান বেন-অস্ট্রেলিয়ার, ড আতিক আহাদ বেন-জাপানের, এবং ড মাযহারুল ইসলাম রানা বেন-জার্মানীর সমন্বয়কারীর ভূমিকা পালন করছেন।

বেনের অস্ট্রেলিয়া, জাপান, এবং জার্মানী শাখা বহু কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়িত করেছে এবং এসব সম্মেলনের প্রবন্ধ সংকলিত করে পুস্তক প্রকাশ করেছে। বেন-অস্ট্রেলিয়া সেখানকার বিভিন্ন শহরে বাংলাদেশের পরিবেশ বিষয়ক আলোচনার আয়োজন করেছে; বেন কর্তৃক গৃহীত জলবায়ু পরিবর্তন সংক্রান্ত বিশ্ব কর্মসূচিতে সক্রিয় অংশগ্রহণ করেছে। সেখানকার স্থানীয় বিভিন্ন পরিবেশ সংক্রান্ত বিভিন্ন কর্মসূচিতে অংশ নিয়েছে।

বেন-জাপান বাংলাদেশের পরিবেশ বিষয়ক বার্ষিক সম্মেলনের আয়োজন করেছে এবং এসব সম্মেলনের প্রবন্ধ সংকলিত করে পুস্তক প্রকাশ করেছে। বেন-জার্মানীও সেখানকার অন্যান্য সংগঠনের সাথে যৌথভাবে জ্বালানী, জলবায়ু পরিবর্তন, ইত্যাদি বিষয়ে সম্মেলনের আয়োজন করেছে এবং সেসব সম্মেলনের প্রবন্ধ সংকলিত করে পুস্তক প্রকাশ করেছে।

১৫। বেনের অন্যান্য কার্যক্রম

বেন আরও কিছু কার্যক্রম নিয়মিতভাবে এবং বিভিন্ন সময় করে যাচ্ছে। তারমধ্যে একটি হলো পরিবেশ বিষয়ক ইন্টারনেট ভিত্তিক একটি সাপ্তাহিক পত্রিকা প্রকাশ। "এনভায়রনমেন্ট নিউজলেটার" নামে এই প্রকাশনাতে বাংলাদেশ ও বিশ্বের পরিবেশ ও পরিবেশ আন্দোলন বিষয়ক মূল খবর অন্তর্ভুক্ত হয়। এই নিউজলেটার বাংলাদেশে বাপার সদস্যরাও পেয়ে থাকেন। বেনের ও বাপার সদস্যদের মধ্যে এটি একটি নিয়মিত যোগসূত্র হেসেবে কাজ করছে।

বেন বিভিন্ন সময় দ্বিতীয় প্রজন্মের সদস্যদের বাংলাদেশে পরিবেশ বিষয়ক ইন্টার্নশিপের ব্যবস্থা করছে। এরূপ ইন্টার্নশিপের ফলে প্রবাসী দ্বিতীয় প্রজন্মের তরুণ-তরুণীরা বাংলাদেশের পরিবেশ ও পরিবেশ আন্দোলন সম্পর্কে অবহিত হতে পারে এবং তাতে যোগদানে অনুপ্রাণিত হতে পারে। দেশের পরিবেশ আন্দোলনও তাদের উদ্দীপনা ও চিন্তাভাবনা দ্বারা উপকৃত হয়। এছাড়া বেন দেশে পরিবেশ কর্মিদের মধ্যে কয়েকজনকে ফেলোশিপ প্রদান করেছে। এসব ফেলোশিপের ফলে দেশে যেসব পরিবেশ-কর্মী অর্থ উপার্জনমূলক কাজ বাদ দিয়ে পরিবেশ আন্দোলনে বেশী সময় দিচ্ছেন, তাঁদের কিছুটা সহায়তা হয়।

বেনের সদস্যরা বাংলাদেশের গবেষকদের বিভিন্নভাবে সহযোগিতা প্রদান করছেন। উদাহরণস্বরূপ, বাংলাদেশের দূষিত বায়ুর নমুনা যুক্তরাষ্ট্রে উন্নত গবেষণাগারে বিশ্লেষণ করায় সহায়তা করেছেন।

বেন বাংলাদেশে ইনিশিয়েটিভ ফর পিপলস ডেভেলপমেন্ট (আই-পি-ডি) নামক সংগঠনের সহযোগিতায় গৃহস্থালি বর্জ্যের ব্যবস্থাপনার একটি মডেলের সূচনা করে। এই মডেলের মাধ্যমে গৃহস্থালী বর্জ্যের জৈব অংশ পৃথক করে জৈব সারে রূপান্তরিত করা

হয়। এই ব্যবস্থায় বর্জ্য নিষ্কাশন, জৈব সার উৎপাদন, এবং স্থানীয় জনগণের নিয়োজন ও আয় সৃষ্টি - এই তিনটি লক্ষ্য একই সাথে অর্জিত হয়। ঢাকার ভাসানটেক বস্তি এবং গাজীপুরে অবস্থিত জাতীয় বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে পরীক্ষামূলকভাবে বর্জ্য ব্যবস্থাপনার এই মডেল বাস্তবায়িত করা হয়।

১৬। বেন প্যানেলসমূহ

বাংলাদেশের পরিবেশের বিভিন্ন ইস্যু সম্পর্কে গবেষণা এবং সুপারিশ প্রণয়নের জন্য বেন বেশ কয়েকটি বিশেষজ্ঞ প্যানেল গঠন করেছে। যেসব বিষয়ে এসব প্যানেল কাজ করছে, তাঁর মধ্যে হলোঃ নদ-নদী ও পানি সম্পদ; জ্বালানী; জলবায়ু পরিবর্তন; নগরায়ন; বায়ু দূষণ; আর্সেনিক দূষণ; গৃহস্থালি, শিল্প, চিকিৎসা, ও ইলেক্ট্রনিক বর্জ ব্যবস্থাপনা; অর্থনীতি, আইন, ও ব্যবস্থাপনা; এবং স্বাস্থ্যের উপর পরিবেশ দূষনের প্রভাব। ডঃ সালেহ তানভীর এসব প্যানেলের সার্বিক সমন্বয়কারীর ভূমিকা পালন করছেন। উল্লেখ্য যে, পরিবেশের বিভিন্ন ইস্যু নিয়ে বাংলাদেশে বাপা বিভিন্ন "প্রোগ্রাম কমিটি" গঠন করেছে। প্রয়োজনবোধে বেনের বিভিন্ন প্যানেল সংশ্লিষ্ট বাপা প্রোগ্রাম কমিটির সাথে কাজের সমন্বয় করে থাকে।

১৭। পরিবেশ সচেতনতা ও আন্দোলনের বিস্তৃতি

বাপা, বেন, এবং অন্যান্য পরিবেশবাদী সংগঠনের কাজের ফলে বাংলাদেশে পরিবেশ বিষয়ক সচেতনতা ধীরে ধীরে বৃদ্ধি পাচ্ছে। পত্র-পত্রিকা, টেলিভিশন, অন্যান্য মিডিয়া এখন দেশের নদ-নদীর দুর্দশাসহ পরিবেশের অন্যান্য সমস্যার প্রতি বেশী মনোযোগ দিচ্ছে। সরকারীমহল, বিচার বিভাগ, রাজনৈতিক দলও এখন পরিবেশের ইস্যুর উপর গুরুত্ব দিচ্ছে।

ঢাকা শহর থেকে সূচিত হয়ে বাপা এবং বেনের নেতৃত্বে পরিবেশ আন্দোলন এখন বাংলাদেশের বিভিন্ন জেলা-উপজেলায় বিস্তৃত হয়েছে। সিলেট থেকে কক্সবাজার এবং দিনাজপুর থেকে খুলনায় বাপার শাখা ও কাজ বিস্তৃত হয়েছে।

'বুড়িগংগা বাঁচাও আন্দোলন' দিয়ে শুরু হয়ে নদী বাঁচাও আন্দোলন এখন সারা দেশে বিস্তৃত হয়েছে। এভাবে, স্ববাসী এবং প্রবাসী বাংলাদেশীদের যৌথ প্রচেষ্টায় বাংলাদেশে একটি জাতীয় পরিধির, শক্তিশালী পরিবেশ আন্দোলন গড়ে উঠেছে। বাংলাদেশের মতো স্বল্প আয়ের উন্নয়নশীল খুব কম দেশেই এ ধরণের আন্দোলনের দৃষ্টান্ত দেখা যায়। সে কারণে এ সাফল্যে বাংলাদেশ আন্তর্জাতিক সভায় গর্ব বোধ করতে পারে।

১৮। বাংলাদেশে পরিবেশ ও পরিবেশ আন্দোলনে ভবিষ্যৎ চ্যালেঞ্জসমূহ

উপর্যুক্ত সাফল্যের পাশাপাশি বহু সমস্যা ও চ্যালেঞ্জও রয়েছে। প্রথমত, পরিবেশের বহু সমস্যা নিয়ে এখনও সঠিক সরকারী নীতি গৃহীত হয়নি। দ্বিতীয়ত, অনেক ক্ষেত্রে সঠিক নীতি গৃহীত হলেও তা যথাযথভাবে বাস্বায়িত হচ্ছে না। তদুপরি, বহু ক্ষেত্রে এসব নীতি এমনভাবে বাস্তবায়িত হচ্ছে যে, সমস্যার সমাধানের পরিবর্তে তা আরও প্রকট হচ্ছে। তৃতীয়ত, পরিবেশের ইস্যু সম্পর্কে সচেতনতা বৃদ্ধি পেলেও পরিবেশ রক্ষার আন্দোলনে, বিশেষত পরিবেশের ক্ষতি সাধনকারী বিভিন্ন কায়েমি স্বার্থের বিরুদ্ধে সক্রিয় অবস্থান গ্রহণে বিপুল জনগণকে শামিল করা এখনও একটি চ্যালেঞ্জ হয়ে থাকছে।

প্রবাসে বেন-কেও বেশ কিছু চ্যালেঞ্জের সম্মুখীন হতে হচ্ছে। যেমন, দেশে পরিবেশ আন্দোলনের অব্যাহত দৃশ্যমান সাফল্য অর্জিত না হলে প্রবাসীদের মধ্যে এই আন্দোলনের প্রতি সমর্থন বজায় রাখা কঠিন হয়ে পড়ে। বিশেষত, বাংলাদেশের পরিবেশ রক্ষার প্রয়াসে প্রবাসীদের নতুন প্রজন্মকে সম্পৃক্ত করাও সহজ হচ্ছে না। অথচ ভবিষ্যতে বেনের কাজ অব্যাহত রাখার জন্য নতুন প্রজন্মের সম্পৃক্তি অপরিহার্য।

বেনের বিশতম বার্ষিকী উদযাপন করার ক্ষেত্রে অতীতের সাফল্য এবং ভবিষ্যতের চ্যালেঞ্জ, দু'দিকেই মনোযোগ দিতে হবে। অতীত থেকে শিক্ষা নিয়ে ভবিষ্যতের দিকে এগিয়ে যেতে হবে। বেন বাংলাদেশের পরিবেশ রক্ষায় এগিয়ে আসার জন্য সকলকে আহ্বান জানাচ্ছে।

BEN – A Journey through the Unknown

Nazrul Islam
Initiator and Global Coordinator of BEN

It is a great pleasure, and somewhat difficult to believe, that BEN has turned twenty! From one corner of feelings, it seems that it was only the other day we founded BEN and started its work. But numbers do not lie, neither do the color of our hair, which was mostly black when we started and now has turned mostly gray – at least for many of us! Therefore, from another corner of feelings, we indeed realize that it had been a long journey, and it is amazing that we have survived for so long!

BEN – A plunge into the unknown

When we started, we did not know what we will be able to achieve. In my e-mail of July 10, 1998, I therefore ended with the quote from *Gita* which enjoins people to do what is necessary to do, without worrying too much about the results. Indeed, that's what we did! It was an uncharted course. BEN blazed the trail in several respects. First, it was an attempt to build an organization based on the Internet, and there were yet few examples of such an effort, at least among Bangladeshis. Second, BEN was aiming at cooperation between non-resident Bangladeshis (NRBs) and resident Bangladeshis (RBs), located almost half-a-globe away from each other. There was hardly any notable example of such cooperation at that time. Third, BEN announced the principle of financial self-reliance. By doing so, BEN embarked on a swim against the current, because the prevailing winds were blowing away from voluntary civic work and toward paid work. This switch was best exemplified by many non-government organizations (NGOs), which were fostered in developing countries by aid organizations of developed countries. In this background, BEN was either pioneering or bucking the trend, and both were challenging ventures. Success was not assured, to say the least. Gita's refrain

was therefore not merely rhetorical; it was a practical necessity.

Notable achievements

Given the above uncertainty and the mindset with which it started, the successes that BEN has achieved can be treated as bonus! However, the successes have been notable.

First, BEN could bring together non-resident Bangladeshis, from around the globe, who are dedicated to protection of environment. In the USA, BEN now has chapters and groups in a number of states and cities. Also, starting from the USA, BEN chapters have been formed in several other countries. Among them are Australia, Japan, and Germany. There are BEN groups and active BEN members in several other countries and citeis abroad. BEN's e-mail network sustains an on-going process of communication and collaboration.

Second, BEN could help pro-environment forces inside Bangladesh to coalesce and unite. Until BEN's initiative in this regard, they were mostly fragmented and working separately. The 1st International Conference on Bangladesh Environment (ICBEN), that BEN proposed and played an instrumental role in holding, brought them together. However, it was not just a mechanical sum of pre-existing parts. The sum was much more than its parts! The success of 1st ICBEN energized the existing and fostered many more pro-environment forces than were active before. It led to the formation of Bangladesh Poribesh Andolon (BAPA) as a united platform of pro-environment forces of the country. It is a matter of great satisfaction for BEN that it could be a founder of BAPA. In the process, BEN could also contribute to the formulation and adoption of the basic organizational principles of BAPA. BEN can take particular satisfaction in the fact that BAPA too adopted the principle of financial self-reliance. This principle allowed BAPA to emerge in Bangladesh as a distinctive organization, having the integrity and independence with respect to its views and recommendations regarding environmental issues faced by the country. BEN's technical expertise and financial contribution have played a vital role in the subsequent development of BAPA as an independent citizens' organization and in its work (see Islam 2018 for details).

Third is the long journey together of BAPA and BEN since 2000. So many issues were covered and so many campaigns were waged during this journey! BAPA and BEN members marched shoulder to shoulder on the streets of Dhaka; on the shores of the Buriganga River; in the heart of Chalaan Beel; along the bank of the Baral River;

inside Barapukuria mines; in Netrokona, Bajitpur, Mushiganj, and Cox's Bazar; and in many other far flung corners of Bangladesh. They held joint press-conferences, made joint deputations, submitted common memorandums, fielded questions in common talk shows, held common meetings with government offices and many others, who are concerned with environment. They have been at the forefront of the civic movement in Bangladesh.

Fourth is the concrete positive changes made. Among these are: (i) removal of two-stroke engine vehicles from streets of major cities; (ii) introduction of unleaded gasoline; (iii) re-imposition of ban on plastic bags; (iv) adoption of the wetlands protection law; (v) formation of task force and national commission on rivers; (vi) prevention of open-pit of coal mines destroying fertile croplands; (vii) adoption of new building rules, requiring more space between houses and structures; (viii) setting up of environmental courts allowing pollution victims to bring suits; etc.

Fifth is the progress in documentation, analysis, and formulation of policy proposals regarding environmental problems of Bangladesh and the regular BAPA-BEN joint conferences that facilitated this process. Together with other pro-environment organizations and establishments, BAPA and BEN have held conferences almost each year, beginning with the 1st ICBEN in 2000. These conferences have focused on either one, several, or all major environmental issues of the country. An important and innovative feature of BAPA-BEN conferences is the dual format that was devised to allow fruitful participation and interaction of both experts and activists, as well as representatives of all sections of the population – including political leaders and policymakers. The dual format was a reflection of BEN-BAPA belief that solution of environmental problems requires both experts and activists. BAPA-BEN conferecnes therefore create the space for cross-fertilization of experiences and ideas of both experts and activists. BAPA and BEN have been particular to compile and publish volumes containing the papers, discussions, and resolutions of all these conferences, and these volumes now serve as the most comprehensive source of information for researchers, policymakers, and all who are interested. In fact, the *Dhaka Declaration* on Bangladesh environment that was originally adopted at the 1st ICBEN and updated subsequently at second and third ICBENs held in 2002 and 2010, respectively, provides a comprehensive pro-environment and pro-people development strategy. It is a all round sustainable development strategy that BAPA-BEN put forward long before the United Nations adopted the Sustainable Development Goals (SDGs).

Sixth, starting from Dhaka city, the environment movment led by BAPA and BEN has now spread to almost all parts of the country. BAPA branches now extend from Sylhet to Khulna and from Bogra to Cox's Bazar. BAPA-BEN led movement has reached the Khasi Hills and Chittagong Hill Tracts, on the one hand, and the deep interior of Chalaan Beel, on the other. (See the article by Mohd. Abdul Matin in this brochure.)

Seventh, as a result of the campaigns and activities of BAPA, BEN, and other pro-environment organizations, the awareness about environmental issues has increased in Bangladesh greatly. This is reflected in the greater attention given to these issues by the press and media, by the conservation efforts that are springing up spontaneously, and by the initiatives by the judiciary. Gone are the days, when policymakers and opinion makers could get away saying that caring for environment is a luxury that Bangladesh can ill afford because of its low per capita income!

Eighth, Bangladesh is unique to have a nation-wide robust environment movement and to have developed extensive documentation, analysis, and policy recommendations regarding all major environmental issues of the country. Very few developing countries of comparable per capita income level as of Bangladesh can claim to have a similar environment movement. Bangladesh can be proud of this achievement in the international arena. BEN can derive satisfaction from its contribution to this achievement.

Ninth, while focusing on environmental problems of Bangladesh, BEN has also been active in the international environment movement, in particular, in the movement against climate change. BEN took active part in the Peoples' Climate March in New York and Washington DC, held in 2015 and 2017, respectively. BEN was the only organization participating in these marches with national banners. BEN is also active in the international movement for protection of rivers.

Formidable challenges too!

Despite the achievements above, both BAPA and BEN face formidable challenges. Their challenges are often common and generally interrelated.

First, though the BAPA-BEN movement has made a dent in the environmental challenge faced by Bangladesh, it has not yet been able to bring about a general reversal of the environmental degradation process that the country is undergoing. Pro-environment

policies are yet to be adopted in many areas. Even those pro-environment policies that have been adopted are either not implemented or implemented only half-heartedly. What is more disturbing is that often these policies are implemented in such a perverse way that they end up aggravating problems rather than mitigating them. A glaring example is provided by the river boundary demarcation effort (see the article by Sharif Jamil in this brochure)

Second, while there has been much increase in the awareness among different parts of the society about environmental issues, the general public are yet to take to streets to fight for these issues. As a result, it is still a small number of people who participate in the environmental campaigns. Even the movement to protect the Sundarbans from the coal-fired Rampal power project ultimately remained a movement of activists, allowing the government to press ahead with this project. In other words, environment movement is yet to become a mass movement. It is this weakness of the movement that is allowing vested interests to perpetuate and even increase their anti-environment activities.

Third, the successes achieved in recent years have been less visible and categoric than those achieved at the beginning of BAPA-BEN activity. For example, formation of the Task Force and the newly formed Commission on rivers are successes. However, these are less perceptible than, say, removal of TSEVs, introduction of unleaded gasoline, or holding off open-pit coal-mining at Phulbari. To make situation worse, there have been some perceptible failures, most prominently, the failure so far, as noted above, to prevent the Rampal coal-fired power plant from going forward or the failure to preserve the public character of the Dhanmondi park. There has been also perverse implementation of policies, such as setting up pillars in the middle of rivers in the name of demarcation of river boundaries, as also noted above

It seems that the environment movement can go through both vicious and virtuous cycles. On the one hand, lack of appreciable success may dampen the enthusiasm in the environment movement, lessening the pressure on the government and thus less success in protecting environment (the vicious cycle) (Figure 1). On the other hand, success may generate enthusiasm, helping to put more pressure on authorities and thus achieve more success in protecting environment (the virtuous cycle) (Figure 2).



Figure 1: Vicious cycle regarding environment movement

Figure 2: Virtuous cycle regarding environment movement

Fourth, lack of perceptible progress in protecting environment becomes a particularly important obstacle to mobilizing for and sustaining interest among NRBs in the environment movement. Progress that is imperceptible inside Bangladesh can be even more imperceptible to NRBs who are many thousands of miles away. Thus, the challenge presented by the relatively less perceptible progress in recent years is more of a problem for BEN.

Fifth, another particular challenge faced by BEN concerns drawing the second generation NRBs to the work of BEN. There are contradictory processes at work here. On the one hand, children growing up in the USA and other developed countries receive more education regarding environment in schools, and hence they more aware about the importance of protection of environment. This works in favor of their possible attachment to BEN, and some indeed do so. On the other hand, unlike first generation Bangladeshis, whose hearts lie in Bangladesh, the second generationg NRBs do not feel that attachment and hence can be less concerned about Bangladesh environment. This works against their drawing toward BEN. Unfortunately, the latter tendency dominates. This is a grave challenge because the continuity of BEN depends on whether the second generation of NRBs will care for Bangladeshe environment.

Sixth, it is puzzling why back in Bangladesh, BAPA too is facing a problem in inducting the youth to its fold (see the article by Mohidul Hoque in this brochure). After all, the environment movement is for the future generations. The young have a greater stake in protection of environment. One reason for the above lack of participation by the youth may be the culture of self-aggrandizement and aversion toward working for greater cause that has now engulfed the nation. As a result, the youth does not feel the necessity to get engaged in the collective action aimed at a greater cause like that of protecting environment. However, this is just a hypothesis, which may not be true. It may rather be the case that the youth in Bangladesh too – as in developed countries – are more aware about environmental issues. However, the environment movement is failing to reach them because of shortcomings in their methods, approaches, etc. Also, there are optimistic signs too, such as the formation of Green Voice – an organization of environmentally conscious youth -- and the active role it is playing.

Going forward

Thus, through the 20 years of work, a good beginning has been made. Through BAPA-BEN cooperation, Bangladesh now has a robust, nation-wide environment movement, based on strong theoretical and scientific foundations. A sound organizational structure has been put in place.

BAPA-BEN cooperation has emerged as a model for RB-NRB cooperation. BEN-BAPA principle of financial self-reliance is helping to bring back the culture of self-reliant social work that used to prevail in Bangladesh in the past. Many concrete achievements have been made in protecting environment. Through a slow process of knowledge creation and organization building, the ground has been prepared for many more achievements to be made. However, a general reversal of the environmental degradation has remained elusive. A leap is now necessary, so that the environment movement can blossom into a mass movement and realize the potential that has been created.

When we launched the environment movement at the turn of the century, we had high hopes. We anticipated that the environment movement will prove to be of broader significance in Bangladesh in view of the prevailing vacuum in effective representation of public interests (see Islam 2002 and 2008). The current development strategy, despite the increase in per capita income, is not leading to beautiful and comfortable Bangladesh. However, the *Dhaka Declaration*, adopted by ICBEN, provides well-rounded direction for sustainable development in Bangladesh. The scope for materialization of this broader significance may therefore still exist in Bangladesh, despite significant changes in the political landscape in the meantime.

In the above (Figure 1), we saw the possibility of a vicious cycle. However, it is also possible to have a positive resolution of this vicious cycle and a switch to the virtuous cycle. Such a switch can take place through a process shown in Figure 3. According to this process, lack of progress in protecting environment leads to more civic discontent, prompting more people get engaged with the environment movement, which then becomes a mass movement, leading to a reversal of Bangladesh's current slide toward environmental deterioration and a renewal of Bangladesh's development strategy toward sustainable development.



Figure 3: Transition from vicious to virtuous cycle regarding environment movement

However, this positive resolution will not come about automatically. BAPA, BEN, and other pro-environment forces will have to work for it. The situation may be getting ripe for such a resolution. The overall environmental situation continues to deteriorate. Waterlogging has become ubiquitous. It has now spread to flyovers! The single-mided focus on the structural approach is failing to solve not only the river-related problems but also problems of urbanization and transportation. Dhaka is routinely ranked as one of the most unlivable cities in the world. The environment movement will have to reach the masses with its solutions. Once the masses know about these solutions and be convinced about their merit, Bangladesh can witness the emergence of the force that is necessary for the long pending environmental and social renewal. The 200 km human chain along the Baral River in 2011 and the 20,000 people gathering in 2012 in Habiganj to protest against industrial pollution provide hope that environment movement in Bangladesh may indeed become a mass movement!

References:

Islam, Nazrul (2002), "Broader Signaficance of the Environment Movement in Bangladesh," in M. Feroze Ahmed, Saleh A Tanveer and ABM Badruzzaman (Editors), *Bangladesh Environment 2002,* pp. 1-16, Dhaka; BAPA and BEN.

Islam, Nazrul (2018), *Bangladesh Environment Movement.* Dhaka: Eastern Academic.

Author's e-mail address: sr.n.islam@gmail.com

বাংলাদেশের পরিবেশ রক্ষা সংগ্রামঃ বাপা-বেন কৌশল

মোঃ আব্দুল মতিন
সাধারণ সম্পাদক, বাংলাদেশ পরিবেশ আন্দোলন (বাপা)

মৌলিক উপলব্ধি

আমরা সবাই জানি, নিজস্ব অস্তিত্বের গন্ডীতে ও সকল পরিসরেই পরিবেশ একটি বস্তুতান্ত্রিক স্বত্তা, এখানে কল্পনা বা আবেগ বলে কিছু নেই, বরং সবটাই বিজ্ঞান; একটি জটিল রাসায়নিক প্রক্রিয়ার কালানুক্রমিক অংশ আমরা সবাই ও সব কিছু। আনুমানিক ৪৬০ কোটী বছর আগে পৃথিবীর সৃষ্টি, তার ৬ কোটি বছরের মধ্যেই তাতে প্রাণের উদ্ভব হয়। জটিল প্রাণীর বসবাসযোগ্য একটি সুন্দর পরিবেশের এই জগৎ সজ্জিত হওয়ার দীর্ঘ আয়োজনের মধ্যে মানুষ একটি অন্যতম উপাদান। সৃষ্টির শ্রেষ্ঠ জৈব-যন্ত্র, মানুষ নামের সর্বোচ্চ বুদ্ধিমত্তাসম্পন্ন এই প্রাণীটির উদ্ভব হয়েছে একটি চলমান প্রক্রিয়ার অংশ হিসেবে। অর্থাৎ, আমরা এই পৃথিবীতে বিশেষ কোন অতিথি নই; সামগ্রিক জৈব-রাসায়নিক প্রক্রিয়াজাত অন্যতম উপাদান। কিন্তু সময়ের ব্যবধানে, হাতে শক্তি পাওয়ার পর পৃথিবী ও প্রকৃতির প্রতি মানুষের আচরণ বর্তমানে ভোগবাদী ও দায়িত্ববোধহীন এক অতিথির মত। আমরা আজ পৃথিবীর জীবন রক্ষাকারী সকল ব্যবস্থা, সকল জীবন-চক্র ও জীব জগতের ভারসাম্য বিনষ্ট করছি, চড়াও হয়েছি বাকী সকল কিছুর উপর। অতএব আজ এটি পরিষ্কার যে, পরিবেশ ও পৃথিবীর অস্তিত্ব রক্ষা করতে হলে মানুষকে থামতে হবে, ভোগবাদী দর্শনমুক্ত সংযমী বিবেকবান মানুষই পৃথিবী ও পরিবেশ রক্ষার প্রধান চাবিকাঠি। অন্যথায় পরিবেশের অবিচ্ছেদ্য অংশ হিসেবে মানব জাতির বিলুপ্তিও অনিবার্য। জনৈক মনীষী বলেছিলেন "মানব জাতিকে রক্ষার জন্য সেনাবাহিনীর কিছুই করার নেই; রাষ্ট্রীয় বা আন্তঃরাষ্ট্রীয় চুক্তিপত্রের মূল্য অত্যন্ত সীমিত; কেবলমাত্র আত্মজ্ঞানই তাকে ধ্বংস থেকে রক্ষা করতে পারে।" এই আত্মজ্ঞানের উপলব্ধিই বিশ্বব্যাপি পরিবেশ আন্দোলনের মূল নীতি। বাংলাদেশ পরিবেশ নেটওয়ার্ক বেন) ও

বাংলাদেশ পরিবেশ আন্দোলন (বাপা)'র প্রতিষ্ঠা লগ্ন থেকে তাদের সকল নীতি ও কার্যক্রমে এই চেতনাটিই মূল ভিত্তি কার্যকর রয়েছে।

অধিকারবোধ

বাপা-বেন তাদের আন্দোলনের প্রেক্ষিত হিসেবে প্রকৃতির অস্তিত্ব রক্ষার প্রয়াসকেই ভিত্তি হিসেবে বিবেচনা করে, যার মধ্যে মানুষও সমগুরুত্বপূর্ণ। আর টেকসই নীতি ভিত্তিক জনমানুষের সার্বিক উন্নয়ন ও সু-শাসনের ধারণা, প্রকৃতি ও পরিবেশের অস্তিত্বকে শেষ পর্যন্ত অন্যতম মানবাধিকারে পরিণত করেছে। বাংলাদেশের মানুষ তার সার্বিক জীবন-জীবিকা, অর্থনৈতিক মৌলিক অধিকারের দাবীতে দীর্ঘকাল যাবৎ আন্দোলন-সংগ্রাম করে এসেছে। কিন্তু পরিবেশ কোন সময়ই সচেতনভাবে তার অধিকারের অন্তর্ভুক্ত কোন বিষয় ছিল না। অন্যদিকে আমাদের পরিবেশ ধ্বংসের জন্য প্রধানতঃ দায়ী আমাদের সরকারী নীতিগত ভ্রান্তি বিলাস, সামগ্রিক অনৈতিকতা ও বিত্তবান-ক্ষমতাদর্পী-অর্থলোভী ক্ষুদ্র জনগোষ্ঠীর স্বেচ্ছাচারিতা। আমাদের বৃহত্তর জনগোষ্ঠীর জন্য অক্ষত প্রাকৃতিক পরিবেশ আজ নিঃসন্দেহে একটি অন্যতম মৌলিক অধিকার। বাপা-বেন চেতনায় তার পরিবেশ রক্ষার আন্দোলন কার্যক্রমও একটি অধিকারবোধ ভিত্তিক প্রয়াস। কারণ অধিকারবোধই যেকোনও সামাজিক আন্দোলনের শক্তি ও মাত্রাকে অদম্য, বেগবান ও সফল করে থাকে।

জন্ম-প্রেক্ষাপট

বাপা ও বেন পরিবেশ নিয়ে কাজ বা আন্দোলন করার প্রথম সংগঠন নয়। তার পূর্বে নব্বই দশকের এর প্রথম দিকে বাংলাদেশের এনজিও সেক্টরে অর্থায়ন প্রকল্প ভিত্তিক পরিবেশ সংশ্লিষ্ট কার্যক্রম ছিল। বাংলাদেশ পরিবেশ সাংবাদিক ফোরাম (এফইজেবি) জন সচেতনতা, পরিবেশ নীতি ও জলবায়ু পরিবর্তন বিষয়ে কাজ শুরু করে নব্বই এর দশকের প্রথম দিকেই। সে সময় সরকারী ফ্লাড একশন প্ল্যান (ফ্যাপ) নামক নদী-জলাশয়-পরিবেশ বিধ্বংসী প্রকল্পে ক্ষতিগ্রস্থতার বিরুদ্ধে স্বত:স্ফুর্ত সামাজিক প্রতিবাদ হয়, তাতে সারাদেশের কিছু কিছু স্থানে সাধারণ মানুষ ও বেসরকারী সংগঠনসমূহ উদ্যোগী ভুমিকা পালন করে, এবং বাংলাদেশ পরিবেশ আইনজীবি সমিতি (বেলা)'র একটি সফল আইনী লড়াইয়ে বিজয় নাগরিকদের জন্য দৃষ্টি আকর্ষণীয় বিষয় ছিল। কোয়ালিশন ফর এনভায়রণমেন্টাল এনজিওস (সেন) নামক একটি পরিবেশ দারিদ্র সংশ্লিষ্ট সংগঠনের ব্যানারে কিছু অর্থায়ন ভিত্তিক কার্যক্রম ছিল। নব্বই দশকের মাঝামাঝি সময়ে বাংলাদেশে একদল প্রগতিশীল চিকিৎসক জনস্বাস্থ্য সংকট নিরসনে পরিবেশ সংরক্ষণকে মূল লক্ষ্য রেখে 'ডক্টরস ফর হেলথ এন্ড এনভায়রনমেন্ট (ডেন)' নামক একটি চিকিৎসকদের সংগঠনের সূত্রপাত করেন।

তারপরও দেশের পরিবেশ সচেতনতা বলতে গেলে সাধারণ নাগরিকদের মধ্যে

একেবারেই তলানীতে ছিল। বিচ্ছিন্ন ও মূলতঃ অর্থায়ন ভিত্তিক কিছু প্রয়াস দিয়ে দ্রুত অবনতিশীল পরিবেশ রক্ষায় কোন কার্যকর ভুমিকা পালন করতে পারছিল না। নব্বই'র দশকের শেষ পর্যায়ে বাংলাদেশে ও প্রবাসে প্রায় একই সময়ে দুটি গূরুত্বপূর্ণ উদ্যোগ পরিলক্ষিত হয়। তার একটি হচ্ছে কয়েকজন প্রথিতযশা বাংলাদেশী সু-নাগরিকের পরিচ্ছন্ন ও সু-পরিবেশের আকাংখায় সৃষ্ট 'পরিবেশ রক্ষা শপথ (পরশ)'। আর দ্বিতীয়টি হচ্ছে, আমাদের একগুচ্ছ প্রবাসী দেশপ্রেমিক বাংলাদেশীর উদ্যোগে প্রতিষ্ঠিত বাংলাদেশ পরিবেশ নেটওয়ার্ক (বেন)। বেন নেতৃবৃন্দ বিচ্ছিন্ন ও ছোট ছোট উদ্যোগ সমূহকে একটি ঐক্যবদ্ধ জাতীয় প্ল্যাটফরমে পরিণত করার প্রস্তাব পেশ করেন; পরশের নেতৃবৃন্দ তাতে একমত পোষণ করেন। ফলে পরশ ও বেন, পূর্বোল্লেখিত বেসরকারী উন্নয়ন কর্মীদের কোয়ালিশন ফর এনভায়রনমেন্টাল এনজিওস (সেন) ও দেশের অন্যতম শ্রেষ্ঠ তিন বিদ্যাপিঠ-বুয়েট, ঢাকা বিশ্ববিদ্যালয় ও জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয় - এর সচেতন শিক্ষকদের যৌথ উদ্যোগে এবং আরো ৭০টি ছোট বড় সামাজিক ও উন্নয়ন সংগঠনের সমর্থনে আয়োজিত 'প্রথম আন্তর্জাতিক বাংলাদেশ-পরিবেশ সম্মেলনে'র সিদ্ধান্ত হিসেবে ২০০০ সনের জুলাই মাসে গঠিত হয় 'বাংলাদেশ পরিবেশ আন্দোলন (বাপা)' নামক একটি জাতীয় আন্দোলন। এভাবে বাপার যাত্রা শুরু উপযুক্ত সম্মেলনে গৃহিত 'বাংলাদেশ পরিবেশ সংক্রান্ত ঢাকা ঘোষনা ২০০০' শুধুমাত্র বাপা কার্যক্রমের মূল নৈতিক ভিত্তিই নয়, তা এ'দেশের পরিবেশ বিষয়ক প্রথম এক যুগান্তকারী দলিল।

কর্মকৌশল

একটি প্রকট বাস্বতার নিরিখেই বাপার জন্ম হয়েছিল। উদ্যোক্তারা সঠিকভাবেই ভেবেছিলেন যে, পরিবেশ রক্ষায় ব্যাপক, জন-অংশগ্রহণ ভিত্তিক, রাজনৈতিক দল নিরপেক্ষ, সম্পূর্ণ বিজ্ঞান মনষ্ক একটি সামাজিক আন্দোলনই সাফল্যের কার্যকর কৌশল হতে পারে। তাই বাপার জন্ম প্রক্রিয়াতেই মানুষের সু-পরিবেশ আকাংখা; দেশপ্রেমিক বুদ্ধিজীবি, প্রবাসী, উন্নয়নকর্মী ও বিজ্ঞানীদের যৌথ প্রচেষ্টায় একটি সঠিক সামাজিক উদ্যোগই মূল শক্তি হিসেবে নিয়োজিত ছিল। বিগত এক যুগের অধিক সময়ের সকল মূহুর্তে এবং আজও বাপা তার সকল কাজেই এই জন-প্রয়োজনীয়তা, মাঠকর্মী ও মেধাবৃত্তির অংশীদারত্বকেই অগ্রাধিকার হিসেবে বিবেচনা করে থাকে। এটিই বাপার প্রারম্ভিক ও চলমান অন্যতম প্রধান কর্মকৌশল।

কাজের কৌশল হিসেবে বাপা ও বেন প্রথম থেকেই প্রায় সকল বিষয়েই যৌথ পদক্ষেপ গ্রহণ করে আসছে। বাপা-বেন ঐক্য একটি আদর্শ স্থানীয় সাংগঠনিক সফলতার মডেল। বাপার আন্দোলনের সবগুলোরই তাত্ত্বিক অবস্থান নির্ধারণের প্রাথমিক কাজটি বেন করে থাকে, আর তার গণসমর্থন নিশ্চিত করা ও তা নিয়ে আন্দোলন পরিচালনা বাপা'র দায়িত্ব। বেন সদস্যদের চাঁদা বাপা'র আর্থিক সক্ষমতায়ও আংশিক কিন্তু নিশ্চিত ভূমিকা পালন করছে। একই সাথে বাপা সদস্যদের অর্থ, ব্যক্তি ও পারিবারিক জীবনের মূল্যবান সময় এতে উৎসর্গিত হয়ে আছে।

জ্ঞান আহরণ

বাপা-বেন কর্ম কৌশলে প্রথম থেকেই পরিবেশগত জ্ঞান আহরণকে সর্বোচ্চ অগ্রাধিকার দেয়া হয়েছে, নচেৎ বিষয় সম্পর্কে সঠিক জ্ঞানের অভাবে আন্দোলন ভুল পথে পরিচালিত হতে পারে। অতএব বিগত দেড় যুগে বাংলাদেশের পরিবেশ বিষয়ে তিনটি বৃহৎ আন্তর্জাতিক সাধারণ সম্মেলন, সুন্দরবন সম্মেলন, জাতীয় পরিবেশ স্বাস্থ্য সম্মেলন, ভারতীয় আন্তঃনদী সংযোগ বিষয়ে আন্তর্জাতিক সম্মেলন, জাতীয় নদী কনভেনশন, টেকসই কৃষি কনভেনশন, বিশেষ জ্বালানী সম্মেলন, আদিবাসী পরিবেশ সম্মেলন, জলবায়ু পরিবর্তন বিরোধী সম্মেলন, চলনবিল কনভেনশন, বড়াল নদী রক্ষা সম্মেলন, নগরায়ন সম্মেলন, পলিথিন ও পণ্ঢাস্টিক বিষয়ক কনভেনশন, সিলেট বিভাগীয় আদিবাসী পরিবেশ সম্মেলন, দক্ষিণ এশীয় পানি সম্পদ সম্মেলন, সুন্দরবন রক্ষা কনভেনশন, পরিবেশ আন্দোলন সংগঠন ও বাস্তাবয়ন সমস্যা সম্মেলন, টেকসই উন্নয়ন ও পরিবেশ সম্মেলন; বন্যা, জলাবদ্ধতা ও ভুমিধ্বস সম্মেলন, অর্থাৎ সর্বমোট ২১টি বৃহৎ বা মাঝারী বিশেষজ্ঞ ও জনতার সমাবেশ; অসংখ্য সেমিনার -আলোচনা-মাঠ পর্যায়ের কর্মসূচীর মধ্য দিয়ে বাপা-বেন বায়ু ও শব্দ দূষণ, নদী রক্ষা, নগরায়ন, জ্বালানী, পানি ও স্যানিটেশন, পরিবেশ-স্বাস্থ্য, খাল-বিল-হাওর-বাওর-জলাশয়, গাছ-বন-আদিবাসী, পলিথিন-প্লাষ্টিক, নিরাপদ খাদ্য-পানীয়, কৃষি, বর্জ্য ব্যবস্থাপনা, জলবায়ু পরিবর্তন, নারী ও পরিবেশ, পশু-পাখী-জীব-বৈচিত্র, মাঠ-পার্ক, উপকুলীয় পরিবেশ, ঐতিহ্যবাহী স্থান ও স্থাপনা, পরিবেশগত সংকটাপন্ন এলাকা, পরিবেশ অর্থনীতি, প্রভৃতি বিষয়ে তথ্য সংগ্রহ; নদী-জ্বালানী-বন-হাসপাতালবর্জ্য-টেকসই কৃষি-শব্দ দূষণ-জলবায়ু পরিবর্তন-আদিবাসী পরিবেশ, চলনবিল, সুন্দরবন ইত্যাদি বিষয়ে নীতিমালা প্রণয়ন ও তার ভিত্তিতে আন্দোলন পরিচালনা করে আসছে। বাংলাদেশের পরিবেশ সংক্রান্ত সর্বোচ্চ সংখ্যক নীতি ভিত্তিক দলিল শুধুমাত্র বাপা-বেন সম্মেলনেই তৈরী হয়েছে। এসকল অনবদ্য দলিলের সবকটিই সরকারের সংশিণ্ঢষ্ট দফতরে প্রেরণ করা হয়েছে।

বিশেষজ্ঞ ও সামাজিক সংযুক্তি

এসকল অনুষ্ঠানেই বাপা-বেন সকল সময় বিষয়-ভিত্তিক বিশেষজ্ঞ, ভুক্তভোগী সম্প্রদায় ও সকল আগ্রহী সাধারণ মানুষের অংশগ্রহণ নিশ্চিত করে আসছে। তাই যে কোন বিষয়ে বাপা-বেন-এর নীতিগত অবস্থান সবসময়ই জন সম্পৃক্ত ও স্বকীয়তাপূর্ণ থেকেছে। মুক্ত প্রবাহ ভিত্তিক বাপা-বেন নদী রক্ষা আন্দোলন জাতীয় পরিসর ছাড়িয়ে অনেক আগেই আঞ্চলিক ও আন্তর্জাতিক পর্যায়ে ব্যাপ্তি লাভ করেছে। আদিবাসী পরিবেশ আন্দোলন, বিশেষ করে পাহাড়ী এলাকায়, ভিন্নমাত্রার গণ-আস্থা অর্জন করেছে। বাপা'র নগরায়ন আন্দোলন, দেশবাসীর নগর-ভাবনায় ভিন্ন মাত্রা যোগ করেছে। টেকসই কৃষি, সমন্বিত জ্বালানী ও জলবায়ু পরিবর্তন প্রশমণে বাপা-বেন নীতি সকলের জন্যই আগ্রহ উদ্দীপক।

বাপা-বেন যখনই কোন নীতি নিয়ে কথা বলে তা হয় নিখাদ বিজ্ঞান ভিত্তিক, যুক্তি সম্পন্ন ও সংকট উত্তরণের সবচেয়ে প্রজ্ঞাবান প্রস্তাবনা। আমাদের অভিজ্ঞতা হচ্ছে, সময়ের দাবী ভিত্তিক সঠিক বিষয় নির্ধারণ, পরিস্থিতির বিস্তরিত তথ্য লাভ, কৌশল প্রণয়ন, তার বাস্তায়নকল্পে আন্দোলন সংগঠিত করার বিজ্ঞান ভিত্তিক প্রক্রিয়ার পূর্ণাঙ্গ চর্চা সঠিক সিদ্ধান্ত গ্রহণে সহায়ক হয়, আন্দোলনও জনপ্রিয় ও জনসম্পৃক্ত হয়। সফল সামাজিক আন্দোলন গড়ে তোলার ক্ষেত্রে এর বিকল্প নাই। আর বাংলাদেশে এ প্রক্রিয়াটিকে ধারাবাহিকভাবে মেনে চলার ক্ষেত্রে বাপা-বেনই সম্ভবত প্রকৃষ্ট উদাহরণ। মাঠ পর্যায়ে বাপা সম্পূর্ণ গণতান্ত্রিক পদ্ধতিতে পরিচালিত একটি সংগঠন, ঐকমত্য ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ তার একটি অন্যতম প্রধান কর্মকৌশল।

সাংগঠনিক দৃষ্টিভঙ্গী ও আন্তঃসম্পর্ক

বাপা নিঃসন্দেহে বাংলাদেশের গণ-সম্পৃক্ত সামাজিক আন্দোলনের নেতৃস্থানীয় সংগঠন। তবে এটি বাপা কর্মীদের কোন ভাবনা বা আলোচ্য বিষয় বা আত্মতৃপ্তির নয়। বরং বাপা ও বেন সবসময়ই তাদের কাজের আত্মসমালোচনা মূলক মূল্যায়ন করে থাকেন। পরিবেশ রক্ষার ক্ষেত্রে বাপা সারা দেশের মানুষের ভরসাস্থল। এ সংগঠনটি এদেশের মানুষের অস্তিত্ব রক্ষা ও উন্নয়ন প্রচেষ্টায় প্রবল প্রয়োজনভিত্তিক এক গুরুত্বপূর্ণ সংযোজন, তাতে কোন সন্দেহ নেই। বাপা সদস্যদের মন-মানসিকতা, সাংগঠনিক মননশীলতা ও কার্যক্রমে তার লক্ষ্য অর্জনের আকুতি সকল সময়ই প্রকট। বিষয় নির্ধারণ, সততা, কাজের ধরণ, স্বকীয় বৈশিষ্ট, গণসম্পৃক্তি ও আন্তরিকতার বিচারে চলমান সামাজিক আন্দোলনসমূহে বাপা নিঃসন্দেহেই অগ্রণী অবস্থানে রয়েছে। একই কারণে বাপা কার্যক্রম সম্পূর্ণভাবেই দলীয় রাজনীতির সংস্পর্শমুক্ত, বাপা রাজনৈতিক দল নিরপেক্ষ। তবে বাপা সদস্যগন নিঃসন্দেহে রাজনীতি সচেতন; তারা পংকিল, পশ্চাৎমুখী, গণবিরোধী, শোষণমূলক, দুর্নীতিগ্রস্থ রাজনীতি বিষয়ে যথেষ্ঠ সতর্ক এবং সৎ-পরিবেশবান্ধব-দেশপ্রেমিক রাজনীতির প্রতি ইতিবাচক। কারণ আমরা যাই বলি বা করি না কেন, শেষ বিচারে সংরক্ষিত পরিবেশ রাষ্ট্র গঠনের পরিপূরক বিষয়, আর রাজনীতি ও রাষ্ট্রযন্ত্রই পরিবেশ রক্ষায় সিদ্ধান্ত গ্রহণ এবং বাস্তায়নকারী সঠিক ও শক্তিশালী কর্তৃপক্ষ।

বাপা ও সরকার

বাপা সরকারের কোন অংশ নয়, বাপা সরকার বিরোধী কোন সংগঠনও নয়। তাই ক্ষেত্রবিশেষে বা অনেক বিষয়েই বাপা রাজনীতি ও রাষ্ট্রীয় কর্তৃত্বের সাথে পরামর্শমূলক ও ইতিবাচক অংশীদারিত্বে যুক্ত হয়ে থাকে। বাপা'র জন্ম থেকেই সরকারের পক্ষ থেকে আমন্ত্রিত হলে যে কোন পরিবেশ সংশ্লিষ্ট বিষয়েই সহযোগিতামূলক ভূমিকা পালন করে আসছে। নীতি নির্ধারণী কাজে বাপা সরকারের ডাকের অপেক্ষায় থাকে, কিন্তু সেই ডাক সবসময় আসেনা। সরকারের কোন কোন দপ্তর বাপাকে অনেক কিছুতেই এড়িয়ে চলতে পছন্দ করে বা নাম সর্বস্ব অন্য কোন সংগঠনকে যুক্ত করতে চায়, তাতে তাদের কোন

লাভ হয় কি না জানিনা, তবে রাষ্ট্রীয় সঠিক নীতি বা কাজ ক্ষতিগ্রস্থ হয়। পলিথিন ব্যাগ, নদী, নগরায়ন, দুর্যোগ ব্যবস্থাপনা, জ্বালানী, বন সংরক্ষণ, আদিবাসী পরিবেশ, জলবায়ু পরিবর্তন, ট্যানারী অপসারণ, শহুরে জলাবদ্ধতা, নগরায়ন কৌশল, পরিবেশ বান্ধব রাষ্ট্রীয় বাজেট, স্থায়িত্বশীল উন্নয়ন, তাপ বিদ্যুতের থাবা থেকে সুন্দরবন রক্ষা, বন্যা, জলাবদ্ধতা, ভূমি-ধ্বস, নিরাপদ খাদ্য, ইত্যাদি বিষয়ক সরকারী সভাসমূহে বাপা গুরুত্বপূর্ণ পরামর্শমূলক মতামত প্রদান করেছে।

বিগত ১৮ বছরে পরিবেশ ও বন সহ বেশ কয়টি মন্ত্রণালয়ের বিভিন্ন নীতি ও আইন বিষয়ক ২০টি কমিটি বা সভায় বাপার সক্রিয় অংশগ্রহন ছিল। বাপা সরকারী নদী টাস্কফোর্স ও তার সকল উপ-কমিটিতে এক আন্তরিক, সক্রিয় ও উচ্চকণ্ঠ সদস্য। নব গঠিত জাতীয় নদী কমিশনের সাথেও বাপার সুসম্পর্ক রয়েছে। সারা দেশের জেলা ও উপজেলা পর্যায়ে সরকারী উদ্যোগে নদী রক্ষা কমিটি তৈরী হচ্ছে, আর তাতে বাপা'র প্রতিনিধি অন্তর্ভুক্ত করার নির্দেশ প্রদান করা হয়েছে। এসবের মাধ্যমে বাপা নদী বিষয়ে তার মৌলিক নীতিগত অবস্থান প্রকাশ ও প্রয়োগে কর্মতৎপর ও অনেক ক্ষেত্রেই সফল। পরিবেশ ও বন মন্ত্রণালয়ের জলবায়ু পরিবর্তন বিরোধী ১০ সদস্যের নিগোসিয়েশণ টিমের বেসরকারী সদস্য হিসেবে বাপা সাধারণ সম্পাদক পাঁচ বছর (২০০৯ থেকে ২০১৩) যাবৎ কাজ করেছেন, চারটি জাতিসঙ্ঘ জলবায়ু সম্মেলনে যোগদান করেছেন, সেখানে তাঁর কাজই ছিল সরকারের নীতিগত অবস্থান ও কার্যক্রমের পর্যবেক্ষণ ও মত প্রদান। একই সাথে সরকার বহির্ভূত সকল গণতান্ত্রিক ও প্রগতিশীল রাজনৈতিক দলের সাথেও বাপার সম্পর্ক সকল সময়ই ভাল ও পরস্পরের জন্য সহযোগীতামূলক। এর মধ্য দিয়ে বাপা তার মাঠের আন্দোলনের বক্তব্য ও দাবীসমূহ স্ব-ভাষাতেই প্রয়োজনমত রাজনৈতিক দলসমূহের নির্বাচনী ম্যানিফেষ্টো, অনুষ্ঠান, দ্বি-পক্ষীয় বা বহু-পক্ষীয় বৈঠকে উপস্থাপন করে আসছে। সরকার ও রাজনীতিকদের সাথে বাপার সবটা কাজই একটি দৃঢ় অধিপরামর্শমূলক ভূমিকা পালনের লক্ষ্যে পরিচালিত, এখানে বাপার একটি 'ঐক্য ও সংগ্রাম'এর কৌশল কার্যকর রয়েছে। এ সকল কাজেই তাত্ত্বিক দিকসমূহ চিহ্নিতকরণে বেন তার প্রয়োজনীয় ভুমিকা পালন করেছে।

উন্নয়ন ও বাপা

প্রায় ১৬ কোটি মানুষের এই দেশ শুধুমাত্র পরিবেশ রক্ষার আপ্তঃবাক্যে সন্তুষ্ট থাকতে পারেনা, তার যুগোপযোগী উন্নয়নও প্রয়োজন। বাপা-বেনের মতে সে উন্নয়ন শর্তহীন বা নির্দয় ব্যবসা নির্ভর হলে হবেনা, তা হতে হবে পরিবেশ বান্ধব। বাপা যেমন তার নামটিকে উন্নয়ন-বিরোধী সংগঠনের তালিকা বহির্ভুত রাখতে চায়না, তেমনি শুধুমাত্র জিডিপি বৃদ্ধির অন্ধ তাড়নায় দেশের পরিবেশ-প্রতিবেশ ধ্বংস করে অবকাঠামো নির্মানের সকল মোহ থেকেও দেশকে মুক্ত রাখতে চায়। বাপা নীতি ও কার্যক্রম বিশ্ববাসী ও জাতিসঙ্ঘ গৃহিত টেকসই উন্নয়ন লক্ষ্যমালার সাথে সম্পূর্ণভাবে সামঞ্জস্যপূর্ণ। বলা যায়, জাতিসঙ্ঘ টেকসই উন্নয়ন লক্ষ্যমালা নির্ধারণের ১৫ বছর আগে

থেকেই বাপা একই নীতি ভিত্তিক উন্নয়নের জন্য প্রচারাভিযান চালিয়ে আসছে।

বাপা ও সামাজিক আন্দোলন

সামাজিক আন্দোলনের মাঠেও বাপা-বেন একই রকম 'ঐক্য ও সংগ্রাম'-এর কৌশল মেনে চলার পক্ষপাতি। সারাদেশের শত শত বেসরকারী, সামাজিক, জনকল্যাণকর, পরিবেশ ও উন্নয়নকামী সংগঠন; বিভিন্ন সরকারী-সেরকারী বিশ্ববিদ্যালয়, পেশাজীবি সংগঠন ও প্রতিষ্ঠান বাপার দীর্ঘ ১৮ বছরাধিক কালের অগ্রযাত্রার আন্তরিক ও সহায়ক সাথী। সরকারী-বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানসমূহ, বিশেষতঃ বিশ্ববিদ্যালয়-কলেজ-বিদ্যালয়সমূহ, বাপার সকল সম্মেলন ও পরিবেশ অলিম্পিয়াড কর্মসূচিতে সাংবাৎসরিক সহযোগী। বাপা বস্তুতঃ বেসরকারী সংগঠন সমাজে যথেষ্ঠ বন্ধু-বৎসল ও সহায়ক সংগঠন হিসেবে সমাদৃত। আর আগেই বলেছি - দেশপ্রেমিক, জনস্বার্থ সচেতন প্রবাসী বাঙ্গালীদের প্রতিষ্ঠান 'বাংলাদেশ পরিবেশ নেটওয়ার্ক (বেন)' বাপার প্রায় সার্বক্ষনিক সহযোদ্ধা, পরামর্শক ও সার্বিক সহায়তাকারী বন্ধু-সংগঠন। বাপা প্রক্রিয়ায় এহেন নিখাদ দেশপ্রেমে উজ্জীবিত ও উচ্চশিক্ষালোকে আলোকিত স্ববাসী-প্রবাসী ব্যক্তি, সংগঠন ও সামাজিক আন্দোলন কর্মীদের এই অভূতপূর্ব সমন্বয় এখন শুধু বাংলাদেশ নয়, অন্যান্য দেশেও বিরল। পরিবেশ সংরক্ষণ ও উন্নয়ন প্রয়াসে এই নিঃস্বার্থ, মহতী ও অবিরাম ঐক্যতান বাপার একটি অনন্য অনুকরণীয় কর্মকৌশল। এই ঐক্যবদ্ধ প্রয়াসে সারা দেশের চার শতাধিক বেসরকারী সামাজিক সংগঠন বাপা-বেন এর সাথে যুক্ত থাকছে।

পরিবেশ সংশ্লিষ্ট বেশ কয়টি আঞ্চলিক ও আন্তর্জাতিক নাগরিক আন্দোলন বা সংগঠনের সাথে বাপা'র সম্পর্ক ও কার্যক্রম রয়েছে। বৃহৎ আন্তর্জাতিক সংগঠনসমূহও প্রয়োজনমতো বিশেষ করে নীতিগত বিষয়ে বাপার সহায়তা গ্রহণ করেন। আমরাও আঞ্চলিক ও আন্তর্জাতিক গুরুত্বপূর্ণ বিষয়ে তাদের নৈতিক, তত্ত্বগত ও কৌশলগত সহায়তা পেয়ে থাকি।

আত্মনির্ভরশীলতা

সবাই জানেন, বাপা কোন ফান্ডিং পদ্ধতি সমর্থিত অর্থ-সংগ্রাহক সংগঠন নয়। দেশী-বিদেশী, সরকারী-বেসরকারী দাতাগোষ্ঠী, কর্পোরেট, পরিবেশ সংহারক এবং সাধারণভাবে অনৈতিকতাপুষ্ট যে কোন ব্যক্তি ও প্রতিষ্ঠানের কোন আর্থিক বা বৈষয়িক সহায়তা গ্রহণ একেবারেই বাপার নীতি বিরুদ্ধ। বাপার শত শত সদস্যের অবদান ও শ্রম সম্পূর্ণভাবেই স্বেচ্ছাসেবী ও অলাভজনক চেতনা নির্ভর। সদস্যদের নিজস্ব অর্থায়ন, সৎ পরিবেশ প্রেমিক মানুষ ও প্রতিষ্ঠানের আন্তরিক স্বেচ্ছা-সহায়তা, প্রবাসী ও স্ববাসীদের নিজ আয় থেকে প্রদত্ত সহযোগীতাই বাপার অর্থ-প্রাপ্তির প্রধান উৎস। পরিবেশ রক্ষার কাজে দেশব্যাপি বাপা কর্মীদের নিজ পকেটের মূল্যবান অর্থ খরচের চর্চা এবং দেশী বিদেশী প্রখ্যাত দাতাগোষ্ঠীর অনেক অর্থায়ন-প্রস্তাব বাপা কর্তৃক সবিনয়

প্রত্যাখান অনেকের কাছেই এখনও অবিশ্বাস্য বিষয়। প্রতিষ্ঠালগ্ন থেকে শুরু করে আজ অবধি বাপা তার এই নীতিটিকে একটি স্বদেশ-সেবার মডেল হিসেবে দাঁড় করাতে দৃঢ়প্রতিজ্ঞ থাকার কারনে একটি অবিস্মরণীয় কৃতিত্বের অধিকারী হতে সক্ষম হয়েছে। কারণ বাপার মতে সামাজিক আন্দোলন স্ব-নির্ভর না হলে কোনক্রমেই সার্বভৌম ও জন-স্বার্থমুখী হতে পারে না। বাপা কর্মীদের পরিবেশ রক্ষার আন্দোলনে অংশগ্রহণ প্রক্রিয়াটি তাদের মানসিক সদিচ্ছা, কায়িক পরিশ্রম, অর্থ খরচ ও মূল্যবান সময়ের নিঃস্বার্থ বিনিয়োগ নির্ভর। বাপা কর্মপদ্ধতি স্বেচ্ছাপ্রণোদনার সর্বোচ্চ সদ্ব্যবহার এবং উচ্চ নৈতিকতায় পরিপুষ্ট যা দৃঢ়তা ও আন্তরিকতার বিচারে অতুলনীয়।

বাপার মতে 'অর্থ মানেই অনর্থের মূল' নয়, তবে অধিক অর্থ ও তার অপব্যবহার অনেক অনর্থের মূল হয়ে উঠতে পারে। অতএব বাপার অর্থসংগ্রহ প্রক্রিয়াটি অঢেল বিত্তলাভের প্রণোদনা নির্ভর নয়; সংযমী প্রয়োজনীয়তা ভিত্তিক ও সীমিত তহবিল সৃষ্টির লক্ষ্যে তা পরিচালিত। বাপা একটি সদস্যভিত্তিক সংগঠন; বাপা সকল মানুষেরই প্রতিষ্ঠান। অতএব কোন বৃহৎ ব্যক্তি বা প্রতিষ্ঠানের সশব্দ বড় মাপের দান নয়, সকল বাপা সদস্য ও দেশের সর্বস্তরের নাগরিকদের স্বপ্রণোদিত ছোট ছোট আন্তরিক আর্থিক বা বৈষয়িক সহায়তা বাপা কর্তৃক সু-সমাদৃত। এ ক্ষেত্রে বাপার সহযোগী বেন এর সদস্যবৃন্দ তাদের পকেটের অর্থ দিয়ে একটি পরিমিত অর্থায়ন নিয়মিত করে থাকেন। বাংলাদেশের পরিবেশ সংরক্ষণে বেন-এর এই মহত্ব বাপার টিকে থাকার গ্যারান্টি। একটি মৌলিক সহায়তা ও দীর্ঘমেয়াদী ন্যূনতম আর্থিক স্বনির্ভরতা অর্জনের লক্ষ্যে, কয়েক বছর হল বাপা একটি তহবিল গঠন করেছে। তাতে স্বল্প সংখ্যক মানুষের বৃহৎ অংকের অর্থ সহায়তা নয়, বরং ব্যাপক জনগোষ্ঠীর নিকট থেকে ক্ষুদ্র বা মাঝারি সহায়তা প্রাপ্তিই বাপার মূল আকাঙ্খা। সবটা মিলে বাপার একটি লিখিত অনন্য আর্থিক নীতিমালা রয়েছে যা বাপা দৃঢ়ভাবে মেনে চলে। অর্থায়ন প্রশ্নে নীতিনিষ্ঠতা যে কোন সংগঠনেরই শক্তির পরিচায়ক। বাপা সম্ভবতঃ এ ক্ষেত্রে প্রবল নীতিসিদ্ধ শক্তিধর একটি প্রতিষ্ঠান হিসেবে নিজকে প্রতিষ্ঠিত করতে সক্ষম হয়েছে। একই সাথে বাপার অর্থ-খরচ প্রক্রিয়াও বিশুদ্ধ, স্বচ্ছ ও দিন-ভিত্তিক হিসাব পদ্ধতি নির্ভর। বাপার যেকোন সদস্য তার পরিচয় দিয়ে যে কোনদিন বাপা দপ্তরে যেয়ে সংগঠনের সর্বশেষ আর্থিক লেন-দেন-এর হিসাব দেখতে পাবেন। এক্ষেত্রেও বেন-এর দৃঢ় নিরীক্ষণমূলক সহযোগীতা একটি গুরুত্বপূর্ণ ভুমিকা পালন করেছে।

গণ-সম্পৃক্তি

বাপা'র আরেকটি স্বকীয়তা হচ্ছে, সদস্য-অসদস্য নির্বিশেষে যে কোন মানুষ এ সংগঠনের কাজে শরীক হতে পারেন। বাপার সদস্য নন এমন কোন ব্যক্তির বাপার কাজে সাংগঠনিক রীতি-সিদ্ধ সামান্য অংশগ্রহনকেও সর্বোচ্চ সম্মান ও মূল্যায়ন করা হয়। বাপার কাজে একক উদ্যোগের চেয়ে অংশীদারিত্ব-কৌশল অধিক সমাদৃত। কেন্দ্রীয় বাপার মাসিক গড় ন্যূনতম কর্মসূচির সংখ্যা ১৫ থেকে ২৫টি। বর্তমানে বিভিন্ন

বিষয় ভিত্তিক বাপার সর্বমোট ৬৪টি বিষয় ভিত্তিক কমিটি রয়েছে। বিষয়গুলোর মধ্যে রয়েছে: নদী ও খাল, জলাশয়; নগরায়ন ও নগর প্রশাসন; খনিজ সম্পদ ও সমন্বিত জ্বালানী; নিরাপদ খাদ্য ও ভোক্তা অধিকার; পরিবেশ স্বাস্থ্য ও জনসংখ্যা; বায়ু শব্দ আলো ও দৃষ্টি দূষণ; উন্মুক্ত স্থান ও পার্ক; অর্থ বানিজ্য ও উন্নয়ন; বর্জ্য ব্যবস্থাপনা; আদিবাসী পরিবেশ; জলবায়ু পরিবর্তন ও দূর্যোগ ব্যবস্থাপনা; টেকসই ভূমি ব্যবস্থাপনা ও কৃষি; পানি স্যানিটেশন ও নিষ্কাশন; গৃহ পরিবেশ ও জেন্ডার, পরিবেশ সংকটাপন্ন এলাকা ও জীববৈচিত্র; উপকূল ও সামুদ্রিক পরিবেশ; বন ও বন্যপ্রাণী; নিরাপদ সড়ক; শিক্ষা ও প্রশিক্ষণ; গণমাধ্যম ও প্রচার; এনডাউমেন্ট তহবিল; আইন; নিউজ লেটার ও প্রকাশনা; পরিবেশ অলিম্পিয়াড; সম্পদ ও অডিট; জরুরী রিলিফ সেল; নীতি মূল্যায়ন ও প্রস্তাবনা; সামাজিক পরিবেশ ও সংস্কৃতি; বাপা উপদেষ্টা পরিষদ ও বাপা ন্যায়পাল- এসবে যুক্ত সাড়ে তিন শতাধিক পরিবেশ কর্মীর অনেকেই বাপার সদস্য নন। কিন্তু আমাদের এসব কমিটিতে এর দ্বিগুন সংখ্যক পরিবেশ কর্মীকে যুক্ত করার ব্যবস্থা রয়েছে। বাপা লোক সংকটে রয়েছে; তা নিরসনে বাপা-বেন আন্তরিক নাগরিকদের স্বাগত জানাচ্ছে।

বহুদিন বাপার কোন শাখা খোলার সিদ্ধান্ত ছিল না। অনুমতি লাভের পর গত পাঁচ বছরে ঢাকার বাইরে বাপার ২৪টি আঞ্চলিক শাখা খোলা হয়েছে। শাখা খোলার বিষয়ে বাপা সংরক্ষণবাদী নীতিতে চলে, কারণ শাখার কাজ বা নেতৃত্ব সঠিক না হলে তা শেষ পর্যন্ত ক্ষতিকর হয়ে দাঁড়াতে পারে; ২/৩টিতে ছোটখাট সংকটও রয়েছে। ইতোমধ্যে বিভিন্ন জেলায় কিছু ত্যাগী ও পরীক্ষিত সামাজিক কর্মী বাপা জাতীয় কমিটির সদস্য পদ লাভ করেছেন, তাদের মাধ্যমে বুঝে শোনে বাপার শাখা খোলার প্রক্রিয়া চলমান রয়েছে। শাখার প্রশ্নে সবসময়ই বেন সাবধানী ও সংরক্ষণমূলক নীতি অবলম্বনের কথা বলে এসেছে, বাপা কিছুটা দ্রুততা অবলম্বন করতে যেয়ে কিছু বাপা শাখা সংকটাপন্ন হয়েছে।

আগেই বলেছি, দেশব্যাপী চার শতাধিক ছোট-বড় সামাজিক সংগঠন বিভিন্ন ইস্যুভিত্তিক বাপা পরিচালিত কার্যক্রমে যুক্ত রয়েছে। তাদের সহায়তায়ই বাপা তার জাতীয় নদী আন্দোলন, আন্তঃনদী সংযোগ প্রকল্প বিরোধী আন্দোলন, তিপাইমুখ বিরোধী আন্দোলন, জলবায়ু পরিবর্তন বিরোধী প্রচার অভিযান, জলবায়ু পরিবর্তন বিরোধী সামাজিক ঐক্য, বাংলাদেশ জলবায়ু পরিবর্তন বিরোধী নেট ওয়ার্ক, আদিবাসী পরিবেশ রক্ষা আন্দোলন, পলিথিন ও প্লাস্টিক বিরোধী জোট, চলনবিল রক্ষা আন্দোলন, বড়াল রক্ষা আন্দোলন, হাওর রক্ষা আন্দোলন, এক স্বাস্থ্য বাংলাদেশ আন্দোলন, জাতীয় স্বাস্থ্য অধিকার আন্দোলন, চিকিৎসা ভোক্তা অধিকার ফোরাম, পানি ও স্যানিটেশন নেটওয়ার্ক, পানির বাণিজ্য-করণ বিরোধী সামাজিক ঐক্য, জাতীয় বিল রক্ষা আন্দোলন, বুড়িগঙ্গা বাঁচাও আন্দোলন, বুড়িগঙ্গা রিভার কিপিং কর্মসূচি, ওসমানী উদ্যান রক্ষা নাগরিক কমিটি, নিরাপদ ও বাসযোগ্য নগরায়ন জোট, ধানমন্ডী মাঠ রক্ষা আন্দোলন, সুন্দরবন রক্ষা জাতীয় কমিটি, নিরাপদ খাদ্য বিষয়ক সামাজিক ঐক্য, নিরাপদ সড়ক আন্দোলন, বাংলাদেশ কয়লা নেটওয়ার্ক, প্রভৃতি ঐক্যবদ্ধ নাগরিক আন্দোলন পরিচালনা বা

অংশীদারিত্ব করে আসছে।

তৃণমূল পর্যায়ের মানুষের পাশাপাশি বাপায় সকল প্রকার বিজ্ঞানী, শিক্ষাবিদ, বুদ্ধিজীবি, পেশাজীবি, বিশেষজ্ঞ, প্রকৌশলী, চিকিৎসক, অর্থনীতিবিদ, আইনজীবি, স্থপতি, নির্বাহি কর্মকর্তা, ব্যবসায়ী প্রভৃতি মেধাবৃত্তিক ব্যক্তিবৃন্দও যুক্ত রয়েছেন। আসলে বাপার আন্দোলনে যুক্ত হতে বা সহায়তা করতে বাপার সদস্যপদ গ্রহণ কোন পূর্বশর্ত নয়। উপরোল্লেখিত ৬৪টি বাপা কমিটির অন্ততঃ এক তৃতীয়াংশ পদে বাপা বহির্ভূত ব্যক্তিদের অন্তর্ভুক্ত করার নিয়ম রয়েছে। দেশের সকল মানুষের সম্পৃক্ততায় সামাজিক আন্দোলন সংগঠনের একটি জাতীয় প্লাটফরম হিসেবে বাপাকে গড়ে তোলাই আমাদের প্রধান লক্ষ্য। অতএব এর দুয়ার সকল বাপা বহির্ভূত আন্তরিক পরিবেশ কর্মীদের জন্য খোলা রাখাকে বাপা-বেন যৌক্তিক কৌশল বলে মনে করে।

দেশীয় উদ্যোগের পাশাপাশি বাপা কাঠমুন্ডু ভিত্তিক হিমালয়ান এন্ড পেনিনস্যুলার হাইড্রো-ইকোলজিক্যাল নেটওয়ার্ক, মণিপুর ভিত্তিক তিপাইমুখ বাঁধ বিরোধী আঞ্চলিক ঐক্য, ম্যানিলা ভিত্তিক পরিবেশ ও গনস্বার্থমুখী বেটার এইড মুভমেন্ট, লন্ডন ভিত্তিক বিশ্ব জলবায়ু পরিবর্তন বিরোধী ক্যাম্পেইন, সানফ্রানসিস্কো ভিত্তিক ইন্টারন্যাশনাল রিভার্স, নিউইয়র্ক ভিত্তিক ওয়াটার কিপার এলায়েন্স, যুক্তরাষ্ট্র ভিত্তিক ৩৫০.অর্গ, পেনাং ভিত্তিক পেস্টিসাইড অ্যাকশন নেটওয়ার্ক, দিল্লী ভিত্তিক ওয়াটার ওয়াচ নেটওয়ার্ক, মহিশূর ভিত্তিক ন্যাশনাল এলায়েন্স ফর পিপলস মুভমেন্টস, ম্যানিলা ভিত্তিক আন্তর্জাতিক কয়লা নেটওয়ার্ক, অ্যামস্টারডাম ভিত্তিক বোথ এন্ডস, আন্তর্জাতিক পিস এন্ড জাষ্টিস এবং বাংলাদেশে কর্মরত কয়েকটি আন্তর্জাতিক সংগঠনসহ ১৬টি আঞ্চলিক ও আন্তর্জাতিক নাগরিক উদ্যোগেরও সক্রিয় অংশীদার যাদের মাধ্যমে নদী, জলাশয়, বন, জলবায়ু, আর্থিক বিনিয়োগ ইত্যাদি বিষয়ে আন্তর্জাতিক সরকারী সম্পর্কের পরিপূরক আন্তঃজনতা ঐক্যের প্রক্রিয়া অব্যাহত রেখেছে। বাপা সাধারণ সম্পাদক ইন্টারন্যাশনাল রিভার্স-এর দক্ষিণ এশীয় পরামর্শক বোর্ড ও আন্তর্জাতিক কয়লা নেটওয়ার্ক-এর বৈশ্বিক কমিটির অন্যতম সদস্য। পরিবেশ যেহেতু শুধু রাষ্ট্রীয় বিষয় নয়, অতএব তার সংকট সমাধানে এই সার্বিক আন্তর্জাতিক ঐক্যবদ্ধ জন-প্রয়াসও বাপা কৌশলের গুরুত্বপূর্ণ অঙ্গ। বৈদেশিক নেটওয়ার্ক সৃষ্টি ও ব্যবস্থাপনায় বেন-এরও গূরুত্বপূর্ণ ভূমিকা রযেছে।

বাপা ও জনতা

বাপার সর্বোৎকৃষ্ট সম্ভাবনা ও শক্তির উৎসটি হচ্ছে দেশের সকল স্তরের মানুষের আন্তরিক সহমর্মিতা ও সমর্থন। মানুষ বাপার শুভাকাংখী; বাপা একটি জনপ্রিয় সংগঠন। তার অন্যতম প্রধান প্রতিফলন আমরা দেখি সমাজের সকল মানুষের মধ্যে। জাফলং-শ্রীমঙ্গল-এর পাহাড়ী বন থেকে সেন্টমার্টিন-কক্সবাজার-কুয়াকাটা-বরগুণা-নড়াইল-সুন্দরবন-কক্সবাজার-সেন্টমার্টিনস-রাঙ্গামটি-খাগড়াছড়ি-শ্রীমঙ্গল-জাফলঙ-তাহিরপুর-নীলফামারী-চলন বিল, সকল স্থানেই বাপার পদচারণা রযেছে। সারা দেশের গ্রামীণ-

শহুরে, বাঙ্গালী-আদিবাসী মানুষের মধ্যেও বাপা একটি সুপরিচিত, নির্ভরযোগ্য, আন্তরিক প্রয়াসের নাম। পরিবেশ বিপর্যয় ও তদ্বিষয়ক জনদুর্ভোগ লাঘবে প্রশাসনিক উদাসীনতা, অবহেলা, অনিয়ম, দূর্নীতি, ব্যর্থতা প্রতিদিনই অধিক সংখ্যার মানুষকে বাপার দিকে ঠেলে দিচ্ছে। অনেক টেলিফোন ও ই-মেইল প্রতিনিয়ত বাপায় আসছে তাদের স্থানীয় পরিবেশ সংকটের সমাধানের দাবী নিয়ে। বাপা-বেন এর ডাকে রাজশাহীর বড়াল নদী রক্ষায় ২ লক্ষাধিক গ্রামীণ মানুষ ২২০ কিমি দীর্ঘ্য নদী পাড়ে অবিচ্ছিন্ন মানববন্ধনও করেছে।

বাপা-বেন এর মূল কর্মকৌশল হচ্ছে সংকট লাঘবের লক্ষ্যে মানুষ, জনপ্রতিনিধি, প্রশাসন, সরকার এমনকি পরিবেশ বিরোধীদের সচেতনতা বৃদ্ধি। ভুক্তভোগী সাধারণ মানুষ তার সচেতনতার বহিঃপ্রকাশ প্রদর্শন করছে অভিযোগ প্রেরণের মাধ্যমে। আর বাকী সবাই সকল বিষয় জেনেও না জানার ভান করছেন; স্বার্থসিদ্ধি ভঙ্গের ভয়ে তারা জেগেও ঘুমিয়ে আছে। তবে জনসচেতনতা বৃদ্ধির মাত্রাটি ক্রমবর্ধমান বিধায়, বাপা অদূর ভবিষ্যতে সারাদেশে, বাস্তব প্রয়োজনে, জনমানুষের স্বেচ্ছা অংশগ্রহনে সিক্ত একটি প্রবল গণ আন্দোলনের প্রত্যাশা অবান্তর মনে করছে না। আমার বিশ্বাস, বেশী দিন দূরে নয় যখন দেশের সাধারণ নির্বাচনে 'পরিবেশ সংরক্ষণ' একটি একক শক্তিশালী জনদাবীতে পরিণত হবে।

বাপা ও গণমাধ্যম

দক্ষিণ এশীয়ার ত্রিদেশীয় এক গবেষণায় দেখা যায়, পরিবেশ সংরক্ষণের সংগ্রামে এমনকি দক্ষিণ এশিয়ার দেশসমূহের তুলনায় বাংলাদেশের গণমাধ্যমের ভূমিকা অপেক্ষাকৃত দুর্বল। তারপরও সকল পর্যায়ের সংবাদকর্মীগণই বাপার অগ্রণী বন্ধু। গণমাধ্যমের সকল মানুষই বাপার সুহৃদ, বন্ধু, সমর্থক ও এক অর্থে একেকজন দৃঢ় কর্মী। একটি বিষযে আমি নিশ্চিত, প্রতিষ্ঠা লাভের প্রথম থেকেই বাপার সকল প্রচেষ্টায় আমাদের পত্র-পত্রিকা, টেলিভিশন, রেডিওর কর্মী ও নির্বাহিগণ যে অকুণ্ঠ সমর্থন প্রদান করে এসেছেন তা প্রধানতঃ দেশ ও পরিবেশ বিষয়ে তাদের শুভ চেতনা, সহ-মর্মিতা ও দায়বোধ থেকে উৎসারিত; শুধুমাত্র পেশাগত দায়িত্বপালন নয়। অনেক গণমাধ্যমের মালিকপক্ষ পরিবেশ বিনষ্টকারী অবস্থানে থাকলেও তাদের সংবাদকর্মীগণ অনেক চাপের মুখেও বহুলাংশে বাপার পক্ষেই তারা কাজ করেছেন। শক্তিশালী ও জনপ্রিয় বাপা তাদের সাহস ও নিরাপত্তার অন্যতম উৎস। আমাদের দেশের বাস্তবতায় যে কোন সামাজিক আন্দোলনই তার সহযোদ্ধা হিসেবে দেশের গণমাধ্যমকে পাশে পাওয়ার প্রচেষ্টা গ্রহণ একটি অবশ্যকরণীয় বিষয়। বাপা এ বিষয়ে প্রবলভাবে আন্তরিক। বিষয় ভিত্তিক তাত্ত্বিক আলোচনা ও বিতর্ক পরিচালনায় বেন-এর উচ্চ শিক্ষিত বিশেষজ্ঞদলের নিয়মিত সাহসী ও শক্তিশালী ভূমিকা বাপার বৃহৎ ভরসাস্থল। এক কথায় পরিবেশ রক্ষার সংগ্রামে সংবাদ কর্মীরাই বাপার অন্যতম শ্রেষ্ঠ বন্ধু।

সীমাবদ্ধতা ও সমস্যা

আর দশটি সংগঠনের মত বাপার নিজস্ব দুর্বলতা, দৈন্যতা, ব্যর্থতা, অক্ষমতা ও সীমাবদ্ধতাও কম নয়। পরিবেশ লুণ্ঠনে সংঘবদ্ধ শক্তিশালী মহলের উপস্থিতি ও প্রশাসনিক উদাসীনতার বিপরীতে যে কোন সামাজিক সংগঠনে কম বেশী ব্যর্থতার শিকার হবে, এটাই বাস্তবতা। আমাদের মত দেশে একটি সামাজিক সংগঠনের উচ্চ নৈতিকতা অর্জন সহজ বিষয় নয়, কারণ নৈতিকতা প্রশ্নে দৃঢ়তা যে কোন সংগঠনকে অধিক আর্থিক ও বৈষয়িক চ্যালেঞ্জের মুখোমুখি করতে পারে - রামপাল কয়লাভিত্তিক বিদ্যুৎকেন্দ্র তার বড় উদাহরণ। বাপার বন্ধু দেশের সকল মানুষ; তবে বাপার উপর মনঃক্ষুন্ন ব্যক্তি বা প্রতিষ্ঠানের সংখ্যাও আশা করি কম নয়। কারণ পরিবেশ রক্ষার প্রশ্নে বাপার শক্ত অবস্থান অনেকের জন্য বেশ পীড়াদায়ক। বাপাকে শুধু স্থানীয় বা জাতীয় পর্যায়ে নয়, আঞ্চলিক ও আন্তর্জাতিক পর্যায়ের পরিবেশবিমুখ, যান্ত্রিক উন্নয়নে অন্তঃপ্রাণ, সামাজিক-রাষ্ট্রীয়-কর্পোরেট দানবের চাপের ফাঁক ফোঁকর গলিয়ে পথ চলতে হয়। তবে বাপার মতে, জাতীয় বা আঞ্চলিক রাজনীতির পরিপূরক, দেশী, বিদেশী, সরকারী, বেসরকারী কর্তৃপক্ষীয় প্রত্যক্ষ বা পরোক্ষ সমর্থনপুষ্ট কোন কোন ফরমায়েশী সংগঠনের বিপরীতে একটি সৎ, নীতিনিষ্ঠ সংগঠন গড়ে তোলার কাজটি দুরূহ হলেও সেটিই আসল প্রক্রিয়া এবং বাপার টিকে থাকা ও ক্রমবিকাশ প্রমান করে যে, তা আসলেই সম্ভব।

এটি সর্বজনদিতি যে, বাপা একটি সদস্য ভিত্তিক সংগঠন, সদস্যরাই এর মৌলিক ভিত্তি। বর্তমানে সর্বমোট সদস্য হচ্ছে প্রায় সাত শত। বাপা'র সকল সদস্য বা বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ সমান সক্রিয় নহেন। এই নিষ্ক্রিয়তা বাপা'র এক বিশাল দুর্বলতা। অন্যদিকে বিশেষ করে বাপার নেতা হওয়ার উচ্চাকাঙ্খা অনেক নতুন বা অপ্রস্তুত ব্যক্তিদের মধ্যে দেখা যায়। কিন্তু স্বশিক্ষা, স্ব-উপার্জন ও সৎ সাহসে বলীয়ান ব্যক্তির সংখ্যা সহজলভ্য নয়। বাপার প্রতিজন সদস্যই তার নিজস্ব স্থানে বা গন্ডীতে পরিবেশ বিপর্যয় প্রতিরোধের শক্তিশালী কেন্দ্র বা এক কথায় 'চেঞ্জ মেকার' হিসেবে প্রতিষ্ঠিত হতে পারেন। নাম মাত্র সদস্য বাপা'র বা পরিবেশের কোন উপকারে আসবে না। সার্বিক বিচারে পরিবেশ একটি নিরেট বিজ্ঞান, অতএব তার সকল সংকটও বৈজ্ঞানিক ব্যাখ্যা ভিত্তিক, যা সকলের নিকট সব সময় সহজবোধ্য নয়। পরিবেশ কর্মীদেরকে এসকল বিষয় সহজ ভাষায় রূপান্তর করে মানুষের মধ্যে ছড়াতে হয়, পরিবেশ বিনষ্টকারক ব্যক্তি ও প্রতিষ্ঠান এমনকি ক্ষেত্র বিশেষে সরকারকেও যুক্তি দিয়ে বুঝাতে হয়, তাদের ভুল ধারণাকে পরাভূত করতে হয়। বাপার জন্যও এটি বড় একটি চ্যালেঞ্জ। আমাদের নেতা কর্মীদের ধারাবাহিক শিক্ষা ও প্রশিক্ষণের কোন ব্যবস্থা নেই।

পরিবেশ বিষয়ক তথ্য সংগ্রহ, তথ্য সম্ভার সৃষ্টি, তথ্য প্রচার, গণমাধ্যমে লেখালেখি, গবেষণা, তথ্য প্রযুক্তির ব্যবহার, অধিক প্রকাশনা ও প্রচার বিষয়ে আমাদের সক্ষমতায় ঘাটতি রয়েছে; এটি কাটিয়ে উঠা প্রয়োজন। কারণ স্বশিক্ষিত ও নিবেদিত প্রাণ পরিবেশ কর্মী খুব একটা চোখে পড়েনা। দেশী-বিদেশী অনেক ছাত্র-ছাত্রী পরিবেশ-তথ্যের প্রশ্নে

বাপার উপর নির্ভরশীল, ভারত-কানাডা-সুইডেন-জাপান-সিঙ্গাপুর-অষ্ট্রেলিয়া-জার্মানীর বেশ কিছু শিক্ষার্থী ও তরুণ শিক্ষক ইতিমধ্যেই বাপাতে সংক্ষিপ্ত ইন্টার্ণশীপ করেছেন। অজস্র দেশী বিদেশী গবেষক, গণমাধ্যম কর্মী সারা বছর বাপায় আসা যাওয়া করেন তাদের প্রয়োজনীয় তথ্য প্রাপ্তির আকাংখায়। এ ক্ষেত্রে আমাদের দেশীয় গুণীজনদের পাশাপাশি বেন সদস্যদের সহায়ক ভূমিকা প্রায় নিয়মিত বিষয়।

আমরা জানি যে, গণতান্ত্রিক রাষ্ট্র ব্যবস্থা, রাজনৈতিক কর্মীদের পরিমিতি ও মানবতা বোধ, সংযত জীবনযাত্রা, দুর্নীতি পরিহার-সবকিছুই পরিবেশ সংরক্ষণে সহায়ক বিষয়। আমরা প্রতিদিনের অভিজ্ঞতায় বুঝেছি, অতীত ও বর্তমান সকল সময়ই পরিবেশ দুর্নীতি ও সুশাসনের সর্বোচ্চ শিকার। বেশ কিছু পরিবেশ বান্ধব সিদ্ধান্ত, আইন, আদালতের রায় শেষ পর্যন্ত সরকারী অবহেলায় এখনও বাস্তবায়িত হচ্ছে না, প্রশাসনের এধরণের মনোভাব ও নির্লিপ্ততা বাপা-বেনের জন্য এক বড় চ্যালেঞ্জ। অতএব ভাল গণতন্ত্র ও সুশাসন সম্ভবতঃ এর মূল সমাধান। অতএব বাপা অরাজনৈতিক সংগঠন হলেও দেশের সুস্থ গণতন্ত্র চর্চা ও বিকাশ, সুশাসন আমাদেরও কাম্য। কারণ সামাজিক আন্দোলন গণতান্ত্রিক সমাজের অঙ্গ, অতএব গণতন্ত্র সংকটাপন্ন হলে বাপা ও বেন-এর মত সংগঠনও দুর্বলতাবোধে আক্রান্ত হয়। জাতীয় বা বৃহৎ নির্বাচনের প্রাক্কালে বাপা ভোট প্রার্থীদেরকে পরিবেশ-অর্থনীতি-প্রশাসন প্রশ্নে জনতার জবাবদিহিতামূলক অনুষ্ঠানের আয়োজন করে থাকে।

শেষ কথা

সবশেষের সত্য কথাটি হচ্ছে, বাপা-বেন-এর আন্দোলন দেশের রাজনৈতিক বলয়ের সামনে এখনও একটি স্বল্প শক্তির আন্দোলন। আমরা এখনও ভুল নীতি ভিত্তিক ও পরিবেশ বিনষ্টকর পুরাতন ধ্যান-ধারণা ক্ষমতাশ্রয়ী রাজনৈতিক নেতা, কর্মী, প্রশাসনিক ব্যক্তিদের মনোজগতে সফল বৃহৎ পরিবর্তন তৈরী করতে পারিনি। বাপা-বেন-এর নিরন্তর প্রচেষ্টার পরও, প্রকৃতি ও পরিবেশ বিনাশী কার্যক্রম বন্ধ করার কথা অনেকে এখনও ভাবতেও পারেন না। আমাদের দেশের ব্যাপক পরিবেশ ধ্বংসযজ্ঞের সামনে বাপা বা অন্যান্য সকল পরিবেশবাদীদের সম্মিলিত শক্তিও পরিস্থিতি নিয়ন্ত্রণ বা উত্তরণে যথেষ্ঠ নয়। তবে সুখের কথা হচ্ছে, আমাদের দেশের বেশ কয়টি সামাজিক আন্দোলনে ব্যাপক জনসম্পৃক্তিই শেষ পর্যন্ত মানুষের জয়কে নিশ্চিত করেছে। আমরা নিশ্চিত যে, মানুষ শাণিত হচ্ছে, তাদের নিজস্ব যাপিত জীবনে পরিবেশ বিপর্যয়ের ধাক্কা জনিত সংকট ও বাপা-বেন-এর প্রচারের কারণে। অতএব নিজ স্বার্থেই মানুষ আরো প্রতিবাদী হবে; এ দেশের সুন্দর ভবিষ্যত নির্মাণের স্বার্থে দেশের জনগনই আমাদের পরিবেশ রক্ষা ও উন্নয়নের সংগ্রামে মূল ভূমিকা পালন করবে। বাপা-বেন এই জন-চেতনার ছুরিতে ধার দিচ্ছি মাত্র। আমাদের জনগণ পঞ্চাশের দশকের ভাষার সংগ্রাম, ষাটের দশকের স্বাধিকার আন্দোলন, সত্তরের দশকের স্বাধীনতা, মুক্ত স্বাধীন বাংলাদেশে দেশ গঠন, আশির দশকের ভোটের অধিকার ও নব্বই-এর দশকে গণতন্ত্রের জন্য সফল

সংগ্রাম পরিচালনা করেছেন। বাপা আশাবাদী যে, আমাদের জাতীয় অস্তিত্ব রক্ষার প্রয়োজনে ও পরিবেশ সংরক্ষণের সংগ্রামে অদূর ভবিষ্যতে আবার আমাদের সংগ্রামী জনগণ ব্যাপক জাতীয় আন্দোলনে সম্পৃক্ত হবে। আগামী দশটি বছর হবে আপামর জনতার পরিবেশ অধিকার রক্ষার দশক। অন্য সকল ঐতিহাসিক সাফল্যের মত পরিবেশ অধিকারের সংগ্রামেও আমরা বিজয়ী হব। চৈনিক দার্শনিক কসফুসিয়াস বলে গেছেন যে, "ব্যাপক জন-সচেতনতাই যে কোন সাফল্যকে স্থায়ী করার কার্যকর কৌশল"। তবে তার পূর্বশর্ত হচ্ছে, পরিবেশ কর্মীদের অধিক সংখ্যক মানুষের কাছে যেতে হবে; মানুষের বিবেককে জাগ্রত করতে হবে; পরিবেশ আন্দোলনকে আরো বেগবান করতে হবে। এটিই বাপা-বেন-এর প্রধান দায়িত্ব এবং এ দায়িত্ব আমরা অবশ্যই পালন করবো।

Author's e-mail address : memory14@agni.com

বেন -এর ২০ তম প্রতিষ্ঠা বার্ষিকীতে তারুণ্য-নির্ভর বাপা-বেন প্রতিষ্ঠার আহবান

মহিদুল হক
প্রাক্তণ সাধারণ সম্পাদক, বাংলাদেশ পরিবেশ আন্দোলন (বাপা)

প্রথমেই শুভেচ্ছা জানাই বেন-এর সকল অঞ্চলের বন্ধুবর্গকে তাদের ২০ বৎসর পূর্তি ও একে স্মরণীয় করে রাখতে দিনব্যাপী নানামূখী অনুষ্ঠান আয়োজনের জন্য। ব্যক্তিগতভাবে এই অনুষ্ঠানে আমার যোগদানের ইচ্ছা থাকলেও দূরত্বের কারণে তা সম্ভব হচ্ছেনা। তবে আমার সৌভাগ্য যে, গত ১৩ই মে ২০১৮ তারিখে আমি নজরুল ভাই এর আমন্ত্রণে নিউইয়র্ক বেন-এর এক অনানুষ্ঠানিক সভায় উপস্থিত ছিলাম যেখানে এই আয়োজন বিষয়ে মতবিনিময় এবং বেশ কিছু সিদ্ধান্ত গ্রহণ করা হয়। সভায় বাপা সভাপতি অধ্যাপক আবদুল্লাহ আবু সায়ীদ সহ বাপা'র একাধিক নেতৃবৃন্দ উপস্থিত হবেন জেনে ভাল লাগছে। আমি উৎসবমুখর বেন-এর এই আয়োজনের সার্বিক সাফল্য কামনা করি।

আমরা সবাই বাপা-বেন-এর সম্পর্কের গভীরতা বিষয়ে কমবেশী জানি। বেন এর নিয়মিত আর্থিক সহযোগিতার পাশাপাশি যে দিক-নির্দেশনামূলক বুদ্ধি-পরামর্শ বাপা নিয়মিত পেয়ে থাকে এবং প্রতি বৎসর বাংলাদেশে পরিবেশবিষয়ক সম্মেলন আয়োজনে বেন নেতৃবৃন্দের যে অবদান, তা বাপা'র সাফল্যের অন্যতম প্রধান উপাদান বলে আমি মনে করি। আমাদের সাফল্য-ব্যর্থতা একে অপরের সাথে গভীরভাবে সম্পৃক্ত-এ যেন উচ্চাঙ্গ সঙ্গীতের যুগলবন্দীর মত।

এ দু'টি সংগঠনের মূল উদ্দেশ্য এক হলেও এদের কর্মপ্রক্রিয়া একেবারেই ভিন্ন। একইভাবে এ দু'য়ের সাংগঠনিক চ্যালেঞ্জসমুহও ভিন্ন প্রকৃতির। তবে একটি মিল আমি দু'টি সংগঠনেই লক্ষ্য করি এবং তা হ'চ্ছে আমরা যারা প্রতিষ্ঠান দু'টি প্রতিষ্ঠা করেছিলাম, ১৮-২০ বৎসর পরেও মোটামুটি তারাই এ দুয়ের পরিচালনার দায়িত্বে

রয়েছি; নতুনদের কাছে এর নেতৃত্ব তুলে দিতে পারিনি। এটি যে কোন সংগঠনের জন্যই কাম্য নয়, বিশেষ করে তা যদি হয় সামাজিক সংগঠন।

বিষয়টি যে আমরা জানিনা বা বুঝিনা তা নয়। এই অবস্থা উত্তরণে আমরা যে কোন চেষ্টা করিনি এমনও নয়। তবে কোথায় যেন একটু ঘাটতি রয়ে গিয়েছে বলে আমার মনে হয়। বিশেষ করে বর্তমান বিশ্ব বাস্তবতায় মানবতার অবমাননা দেখতে দেখতে এবং লাভ ও লোভের সমুদ্রে নিমজ্জিত থেকে অধিকাংশ মানুষের মাঝে সামাজিক দায়বদ্ধতার বিষয়টি তেমন গুরুত্ব পাচ্ছেনা। উন্নত বিশ্বে সমাজ পরিবর্তনে মানুষের অংশগ্রহণ ভোট প্রদান, বেতন-ভাতা বৃদ্ধির আন্দোলন ও ট্যাক্স প্রদানের মধ্যে সীমিত হয়ে পড়ছে; আর আমাদের মত দেশে তা অতি আলোচিত হলেও জীবন-জীবিকায় পিষ্ট সংখাগরিষ্ঠ মানুষ আজ নিজেকে নিয়েই ব্যস্ত হয়ে পড়ছে। এই কঠিন বাস্তবতায় দাঁড়িয়ে সম্ভাবনাময় তরুণ প্রজন্মকে বাপা-বেন সহ পরিবেশ রক্ষার আন্দোলনে শামিল করতে হবে। কঠিন এই কাজটি করতে আমাদেরকে নতুন পথ খুঁজতে হবে। আমরা তাদের হাতে ঝান্ডা তুলে দেব, উৎসাহিত করব কিন্তু পথ বাতলে দেবনা। ভুল করতে করতে তারা পথ চিনে নেবে।

পিতা-মাতা-অভিভাবক হিসেবে আমাদের আরেকটি প্রধান কাজ হবে আমাদের সন্তানদেরকে সত্যনিষ্ঠ ও মানবিক হতে শেখানো এবং নতুন নতুন চালেঞ্জ গ্রহণের উপযোগী করে তোলা। আমার মনে হয়, দেশে-বিদেশে এ বিষয়ে আমাদের চরম গাফিলতি ও অদূরদর্শিতা বিদ্যমান।

সবার জন্য শুভ কামনা।

Author's e-mail address: mohidk@gmail.com

Environmental Activism – Is Despair Justified?

Nurul Kabir
BEN Member

Inception

On a day of a spotlessly clean blue sky some 47 years ago, joy had flooded the homes and streets of Bangladesh. It was a winter day much like a spring day in New England where we gather this June to mark 20 years of BEN. On that day in 1971, our day of liberation, after months of war visited upon an entire people, a new chapter had opened. The future became our responsibility, more than ever before.

Among the survivors there was astonishment at being spared. Why did we survive? Did the others die so that we would live, by some mysterious logic of the universe? And if so, how do we settle accounts to repay our debt?

That question was answered by many soon after liberation. People focused on what needed to be done, they set out to establish non-profit hospitals, training centers, monitoring groups. This was not by a mandate from outside - neither from Heaven nor Washington – but from the sense of the debt to the fallen, from the realization that there was the need of ordinary people's participation in the future to come. There were good institutions and not-so good ones, some became very large while some closed down, but they all came from people.

BEN too followed in the same wake. Circumstances had brought us abroad, but we were haunted by visions of the black smoke-filled air of Dhaka streets, we knew of the arsenic in the water in the villages,

the poison put into food people ate. Officialdom when not complicit was not able to cope with the multitude of new problems. Was there anything we could do?

20 Years

What temerity! We were then, as we still are, a mere handful, dwarfed by the scale of the issues in Bangladesh, the complex interplay of powerful interest groups. Living as we do, on the other side of the world, how would we be accepted? We had to work against the idea that environmental cares are only the luxury of advanced countries, that Bangladesh has to first "develop" before we can pay attention to the environment, that corruption was too deep, that really there was nothing we could do.

What pessimism does not mention is that hope is not the crossing of arms in the belief that things will get better. Hope is not abstract, it is concrete, an elation, the obverse of in action. Hope exists as long as we are in the fight. We change course - try new directions, new strategies, retreats and advances - no matter, as long as we remain engaged, hope is our companion. As for the David and Goliath scale of our project, has not that always been the lot of all people in this world against the powers that be? And we were not alone, there were comrades in Bangladesh who had thought and acted on the issues, however small their numbers. We would be in solidarity, a complementary force. Thus 20 years passed, and we do a reckoning today.

The task list before us was long and in these two past decades we helped shorten it by only a little, we are the first to admit. Yet from the fight to ban plastic bags and unleaded fuel to standing against ill-considered energy and water projects, BEN has participated at all levels. The final results vary, as does the credit that goes to various groups. These can't be accounted by neat numbers for any participant. But use of plastic bags went away completely, two stroke engines did change from leaded to unleaded and to non-polluting natural gas, the chameleon company set up to extract coal at the cost of rich agricultural land has not yet been able to achieve its goals because of the brave people of Phulbari with whom stood a mass of individuals and organizations including BEN/BAPA. What BEN perhaps can rightfully claim in all such fights is that in good faith we contributed to keeping a certain conversation alive, that we have had had a part in promoting a culture of ordinary people's engagement in the issues of the day, that BEN and its allies have been on the side of people, against corporations and interest groups that would sell off

the country the moment they could.

The future

Nobody who knows anything about the issues will belittle the challenges that face the people of Bangladesh. These are documented in a hundred and one place, from websites and books to hundreds if not thousands of conference papers. They do not need repetition here.

If BEN focuses on the environment, it is with the realization that environmental and social issues are intertwined, they are different aspects of the same rot in our society, indeed in the global society today. It is useful however for a group to focus on a specific topic. This choice is dependent on the particulars of the moment, and in general terms there should be ample latitude here because there is no key issue that will solve all the others. But all pro-people organizing is beneficial, and more so when alliances are made with others on common grounds. No doubt forming alliances present significant challenges to environmental groups in Bangladesh, yet broadening the BEN/BAPA mandate to students and workers is an important goal.

The greater fight

Equally the challenges to BEN's work in the USA can't be made light of. Being physically removed from Bangladesh makes it harder for many to join the fight. This may be especially true of the new generation in the diaspora who are one more step removed from Bangladesh. Common issues like Climate Destabilization may help bridge the gap. Despair comes in the way here too. Many may feel activism on climate issues is of no use because there is nothing that can be done to 'stop' climate destabilization, or that the actors are only governments and international organizations.

But there are many steps between doing nothing and doing everything. We may not be able to undo what has already been set in motion, but we can lessen the damages. It is thus entirely within our mandate to work on issues that are common. It is true that massive demonstrations on the streets of Washington and New York did not always stop wars and rollback destructive climate policies, but how would the culture of resistance be if those marches of protest did not take place? Actions converge, and there has always been a certain stage in social transformations when the proverbial additional grain of sand led to a tipping point; USA would not have evolved

beyond the days of Jim Crow otherwise.

In this case we may also note that despair is actively promoted by the denial and obfuscation of the science by certain corporations and billionaires and their media outlets. Some governments are in their camp we know, witness the suppressing of demonstrations in Paris during the 2015 COP21 talks. On the excuse of a prior terror attack the massive demonstrations that were planned in Paris were banned. This is to be expected since the requirements of climate stabilization is a threat to the business as usual paradigm, that of "infinite or unlimited growth, which proves so attractive to economists, financiers and experts in technology " to use the words of the *Pope's encyclical letter of 2015*, a pro-people document in support of the scientific consensus that point out what the Paris Accord did its best to dismiss - that climate justice is one of the goals we must strive for.

Conclusion

There is an old Native American story – a visitor to hell finds that all are seated around a table laden with food and all are miserable because the spoons are too long to use. The same visitor goes to heaven and sees the same table laden with food and everybody has the same long spoons, but everybody is in great spirits. Because in heaven's table, each is using the long spoon to feed someone else.
In that vein, it is true that we are asking for the moon. We would like a world where care for the planet and each other surpasses the narrow limits of family, tribe, nationality, and where everybody is treated equally. The mind is restless and humanity will never reach that goal, not in our Bangladesh, nor in the outside world, but it is in trying to achieve that goal that the best of humanity has flowered – our compassion, instead of self-centeredness, our capacity to work together, instead of isolation, in a word: civilization.

Author's e-mail address: nxkabir@gmail.com

BEN: A Unique and Inspiring Journey

Mustafizur Rahman
Distinguished Fellow, Centre for Policy Dialogue (CPD), Dhaka

From a number of perspectives BEN's journey over the past two decades has been a truly unique one which needs to be both celebrated and learned from. Celebrated, because BEN can genuinely be proud of what it has been able to achieve in all these years; a source of learning, because there are important and impressive lessons to be drawn from this journey which can enrich our understanding of how partnerships involving home country and diaspora collectives could be built into a successful model of collaboration.

To recall the history of BEN, to be true, I was not surprised when my good friend Nazrul took up the initiative, about two decades back, to set up a network with a view to mobilising Bangladeshis living abroad to contribute towards sustainable development of Bangladesh and to help strengthen the environment movement in the country. Nazrul himself had always been passionate about Bangladesh's socio-economic progress, and the country's development with equity, justice and environmental sustainability. He had been deeply committed to deploying his formidable scholarship to help address the manifold challenges facing Bangladesh. A significant part of his intellectual quest, his many works on Bangladesh economy testifying to this, revolved around issues of environment-friendly and sustainable development. I reckon that at a certain point Nazrul felt the urgency to do something more concrete to help advance the cause of Bangladesh's environmentally sustainable development. And he thought of taking an initiative to mobilise the significant human resource, expertise and capacities embedded in Bangladesh's rich diaspora in an organised way. Thus was born BEN. I would venture to say that Nazrul was fortunate to have the support of a dedicated group of enthusiasts from the very beginning. They have stayed on,

and, indeed, their numbers have grown over the years as they were joined by the Bangladeshi diaspora in a number of other countries.

BEN's collaboration with BAPA has enabled Bangladesh's environment movement to gain significantly, by providing an opportunity and a platform to blend the comparative advantages of the two collectives. BEN-BAPA partnership is unique in many ways. BEN and BAPA draw synergies from each other and leverage each other's strengths. Their joint efforts have played a significant role in giving important impetus to the environment movement in Bangladesh. Together they have undertaken a journey which have been appreciated highly by all concerned stakeholders. BEN members and friends of the network have been contributing their time and expertise, and extending financial support to help BAPA undertake many of its activities. For people like us, who have been engaged with Bangladesh's environment movement through association with BAPA, the dedication of BEN members and their willingness to contribute to addressing Bangladesh's environmental concerns have been truly motivating.

BAPA's activities and activism in the environment area are well-known. The grassroots movement that BAPA embodies has to its credit a long history of raising awareness, mobilising public opinion and creating pressure on policymakers through focused and issue-based initiatives. We are aware that BAPA is a self-financed organisation which does not take financial support from foreign donors – a distinctive feature which sets BAPA apart from many other non-state entities. Its volunteers are its core strength. In this backdrop BEN's support has been critically important for BAPA to raise its profile, strengthen its capacities and take up activities which otherwise would have been difficult for such a volunteer-based and volunteer-focused organisation. These activities have made a positive contribution to raising the effectiveness of the environment movement in Bangladesh. When BEN joined hands with BAPA, environment movement was significantly strengthened in a number of ways – intellectual inputs of our diaspora contributed to a more informed discourse, helping in terms of awareness-building through regular publications, both in Bangla and English, and by way of financial support extended by BEN towards various BAPA activities.

In the above connection, the BAPA-BEN Annual Conferences merit special mention. These have now became regular features as far as the environment movement landscape of Bangladesh is concerned. These events have been highly acclaimed thanks to the scholarly and expert presentations, the rich discussions and the wide-ranging

exchange of field-level experiences that provide an opportunity for learning, awareness raising and strategising for a environmentally sustainable Bangladesh. Regional and international experts attending these conferences bring on board cutting-edge knowledge and perspectives. Renowned environmental activists share their experiences, at these conferences. Over the years, these conferences have provided opportunities to discuss and debate Bangladesh's energy strategy, identified ways and means to save and secure the unique ecology and bio-diversity of the Sunderbans from predatory commercial interests and intrusion, proposed policies to reduce pollution and make Dhaka livable, questioned the recommendations put forward in the Bangladesh Delta Plan 2100 and came up with concrete suggestions to save our rivers and protect our environment for our future generations. In this era of the SDGs, a key focus of BAPA-BEN conferences has been to raise awareness about issues of SDG-compatible development in the Bangladesh context and to make policymakers accountable in terms of implementing the aspirations set out in national policy documents in an SDG-aligned manner. I have seen many of our diaspora friends attend these conferences, held in Dhaka, regularly, year after year. Their commitment and dedication deserve to be acknowledged and appreciated.

As is known, the three pillars of the SDGs are economic growth, social inclusiveness and environmental sustainability. BAPA-BEN's work to secure the interests of the marginal people and the marginlised communities, to protect our environment and to promote environment-friendly economic practices in Bangladesh do truly capture the ethos and aspirations of the SDGs that aspires to 'leave no one behind'. We look forward to further contribution from BAPA and BEN towards implementation of Agenda 2030 in Bangladesh in the years to come.

Those of us who have a stake in an environment friendly and sustainable Bangladesh, and are trying to contribute to this in our own humble ways, sincerely appreciate what BEN has been doing over the past two decades. We do wish the BEN Family all the best in realising this common goal of ours as BEN embarks on the third decade of its inspirational journey.

Author's e-mail address: mustafiz223@gmail.com

Environmental Activism and BEN

Dipen Bhattacharya
Professor of physics and astronomy at
Moreno Valley College in California, USA.
Chair, BEN-Climate Change Panel



Environment movement is a relatively late comer, compared to other world-wide socially-conscious movements. Nevertheless, given the extreme environmental problems that Bangladesh faces, one could have expected an environmentally conscious grassroots movement to have developed in the country early on. A tumultuous history, replete with contentious and uncertain political events, possibly prevented the emergence of a strong environment movement. In this background, Bangladesh Environment Network (BEN) can be considered a pioneer organization. It was one of the very first civil organizations dedicated solely to the environmental problems of Bangladesh. BEN represents a unique experiment where members of the global expatriate Bangladeshi community have come together to provide support to the fledgling environment movement in Bangladesh. BEN brought together the small and disparate environmental organizations that had existed and helped to unite into a common platform that was named Bangladesh Poribesh Andolon (BAPA). Since then BEN has been working in effective partnership with BAPA.

The idea of the environmental movement in Bangladesh is complex and daunting. The environmental problems of the country are dire. Bangladesh is one of the countries that are most vulnerable to the consequences of climate change. With the most dense population in the world – about 1,250 people per square kilometer – it is subject to deep ecological footprint. The indicators of environment quality of Dhaka, the capital and having 45,000 people per square kilometer, surpass safe limits to human health. Its air quality is deemed the

worst in the world. The expanding economy demands greater industrial output. However, the uncontrolled dumping of toxic industrial pollution is severely contaminating rivers and agricultural fields.

